গদ্য সম্পর্কিত প্রাথমিক ধারণা

গদ্য-০১-অপরিচতা

প্রথম লাইন: আজ আমার বয়স সাতাশ মাত্র।

শেষ লাইন: ওগো অপরিচিতা তোমার পরিচয়ের শেষ হইল না, শেষ হইবে না; কিন্তু ভাগ্য আমার ভালো, এই তো আমি জায়গা পাইয়াছি।

উৎস: 'অপরিচতা' প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক সবুজপত্র পত্রিকার ১৩২৪ বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়। এটি প্রথমে গ্রন্থভুক্ত হয় রবীন্দ্রগল্পের সংকলন 'গল্পসপ্তক' এ এবং পরে গল্পগুচ্ছ ৩য় খন্ডে (১৯২৭)।

সম্ভাব্য MCQ

১। কল্যাণীকে নিতে এসেছিল–
(ক) মুসলিম স্থানীয় চাকর (খ) খ্রিস্টান স্থানীয় চাকর
√(গ) হিন্দুস্থানীয় চাকর (ঘ) কুলি

২। 'অপরিচিতা' গল্পে কোন স্থানটির উল্লেখ নেই?
(ক) বাংলাদেশ (খ) কানপুর
(গ) কলকাতা √(ঘ) কাশ্মীর

৩। ছোটবেলায় অনুপম পন্ডিতমশাইয়ের বিদ্রুপের পাত্র হয়েছিল কেন?
(ক) দেখতে কদর্য বলে
(খ) একটি কানে কম শুনত বলে
√(গ) সুন্দর চেহারর জন্য
(ঘ) পড়ায় মনোযোগ ছিলনা বলে

৪। অনুপমের বিয়েতে বরযাত্রীদের বাদ্য যন্ত্রকে অনুপম কী বলে অভিহিত করেছে?
(ক) ঐকতান (খ) বিকট শব্দ
√(গ) বর্বর কোলাহল (ঘ) স্বরসতীর সংগীত

৫। অনুপমের বিয়েতে দেওয়া এয়ারিং জোড়াকে স্যাকরা কী বলে অভিহিত করেছে?
(ক) দেশি মাল (খ) বিদেশি মাল
(গ) হাল ফ্যাশানের মাল √(ঘ) বিলেতি মাল

৬। অনুপমের মামা বিবাহ সম্পর্কে কথা তুলতে পারে না কেন?
(ক) অভিমানে (খ) কষ্টে
(গ) রাগে √(ঘ) লজ্জায়

৭। 'অপরিচিতা' গল্পে নায়কের কাছে কোন গাড়ির টিকিট ছিল?
(ক) সেকেন্ড ক্লাস √(খ) ফাস্ট ক্লাস
(গ) ভিআইপি (ঘ) থার্ড ক্লাস

৮। কল্যানী কোন স্টেশনে নেমে গেল?
(ক) কোন্নগড় √(খ) কানপুর
(গ) কলকাতা (ঘ) হাওড়া

৯। কত বছর ধরে অনুপম কল্যাণীর পাশে অবস্থান করে?
(ক) এক (খ) দুই (গ) তিন √(ঘ) চার

১০। অপরিচিতা গল্পে অনুপম তার বিয়ে ভেঙে যাওয়ার কত বছর পর গল্পটি লিখেছেন?
(ক) ৪ বছর √(খ) ৫ বছর
(গ) ৬ বছর (ঘ) ৭ বছর

১১। রবীন্দ্রনাথ ঠাকুর কোন বংশের লোক ছিলেন?
(ক) ঠাকুর বংশ (খ) কুরশি বংশ
√(গ) কুশরি বংশ (ঘ) সেন বংশ

১২। নিচের কোন উপন্যাসটির রচিয়তা রবীন্দ্রনাথ ঠাকুর?
(ক) তিন কন্যা (খ) দুই মেয়ে
(গ) চার লাইন √(ঘ) চার অধ্যায়

১৩। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রথম ছোট গল্পের নাম কী?
(ক) হিন্দু মেলার উপহার (খ) কবিকাহিনী
(গ) বাল্মীকি প্রতিভা √(ঘ) ভিখারিণী

১৪. রবীন্দ্রনাথ ঠাকুর কোন কাব্যগ্রন্থটির নামকরণ করে যেতে পারেননি?
(ক) ইতিকথা (খ) বিচারক
√(গ) শেষলেখা (ঘ) সমাপ্ত

১৫। কোন বইটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নয়?
√(ক) দোলন চাঁপা (খ) সোনার তরী
(গ) গীতাঞ্জলি (ঘ) মানসী

গদ্য-০২ -বিলাসী

প্রথম লাইন: পাকা দুই ক্রোশ পথ হাঁটিয়া স্কুলে বিদ্যা অর্জন করিতে যায়।

শেষ লাইন: কিন্তু একেবারে তেলাপোকাটির মত বাঁচাইয়া রাখার চেয়ে এক আধবার কোল হইতে নামাইয়া আরও পাঁচজন মানুষের মতো দু এক পা হাঁটিতে দিলেই প্রায়শ্চিত্ত করার মত পাপ হয় না।

উৎস: অপরাজয়ের কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপধ্যায়ের অন্যতম শ্রেষ্ঠ ছোটগল্প 'বিলাসী' গল্পটি 'ছবি' (১৯২০) গল্পগ্রন্থ থেকে সংকলিত। গল্পটি প্রথম প্রকাশিত হয় 'ভারতী' পত্রিকার ১৩২৫ বঙ্গাব্দের (১৯১৮ খ্রি). বৈশাখ সংখ্যায়।

সম্ভাব্য MCQ

১। শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কত বছর বয়সে মনের ঝোকে সন্ন্যাসী হয়েছিলেন?
ক) ১৮ বছর খ) ২১ বছর
গ) ২৩ বছর √ঘ) ২৪ বছর

২। শরৎচন্দ্র রচিত প্রথম মুদ্রিত গল্প কোনটি?
ক) বিলাসী √খ) মন্দির
গ) মহেশ ঘ) হরিলক্ষ্মী

৩। কার বহু উপন্যাস ভারতবর্ষের বিভিন্ন ভাষায় অনূদিত ও চলচ্চিত্রায়িত হয়েছে?
ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় খ) মানি বন্দ্যোপার্ধায়
√গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) সৈয়দ ওয়ালীউল্লাহ্

৪। শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কোথায় মৃত্যুবরণ করেন?
√ক) কলকাতায় খ) আসামে
গ) হুগলিতে ঘ) রেঙ্গুনে

৫। 'বিলাসী' গল্পটি প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়?
ক) সারদা √খ) ভারতী
গ) বঙ্গদর্শন ঘ) সবুজপত্র

৬। 'বিলাসী' গল্পটি কার জবানিতে বর্ণিত হয়েছে?
√ক) ন্যাড়ার খ) খুড়ার
গ) বিলাসীরা ঘ) মৃত্যুঞ্জয়ের

৭। 'বিলাসী' গল্পের নামকরণ করা হয় কীসের আলোকে?

ক) অন্তর্নিহিত তাৎপর্যের ভিত্তিতে খ) বিষয়বস্তুর আলোকে
গ) পটভূমির আলোকে √ঘ) নায়িকা চরিত্রের আলোকে

৮। 'বিলাসী' গল্পে কেন্দ্রীয় চরিত্র কোনটি?
ক) ন্যাড়ার √খ) খুড়ার
গ) বিলাসীরা ঘ) মৃত্যুঞ্জয়ের

৯। 'বিলাসী' গল্পে বর্ণিত যাদের বাড়ি পল্লিগ্রামে তাদের শতকরা কতভাগকে বিদ্যার্জনের জন্য দীর্ঘ দূরত্ব অতিক্রম করতে হয়?
ক) ৪০ ভাগকে খ) ৬০ ভাগকে
√গ) ৮০ ভাগকে ঘ) ১০০ ভাগকে

১০। 'বিলাসী' গল্পে মৃত্যুঞ্জয় কোন ক্লাসে পড়ত?
ক) ফার্স্ট ক্লাসে খ) সেকেন্ড ক্লাসে
√গ) থার্ড ক্লাসে ঘ) ফোর্থ ক্লাসে

১১। 'সম্ভবত তাহা প্রত্নতাত্ত্বিকের গবেষণার বিষয়' উক্তিটিতে কী প্রকাশ পেয়েছে?
ক) বিস্ময় √খ) ব্যঙ্গ
গ) বিশ্বাস ঘ) হতাশা

১২। 'ওপরের আদালতের হুকুমে' বলতে কোনটিকে বোঝানো হয়েছে?
√ক) স্রষ্টার নির্দেশ খ) জজকোর্টের নির্দেশ
গ) খুড়ার নির্দেশ ঘ) হাইকোর্টের নির্দেশ

১৩। 'বিলাসী' গল্পে মৃত্যুঞ্জয় প্রসঙ্গে 'সুনাম কথাটি দ্বারা কী প্রকাশ পেয়েছে?
√ক) দুর্নাম খ) খ্যাতি
গ) সম্মান ঘ) প্রতাপ

১৪। অসুস্থ মৃত্যুঞ্জয়কে দেখতে ন্যাড়া কখন তার বাড়িতে যায়?
ক) দুপুরে খ) ভোরে
√গ) সন্ধ্যায় ঘ) গভীর রাতে

১৫। মৃত্যুঞ্জয়কে সেবাযত্ন করে যমের মুখ থেকে ফিরিয়ে এনেছে কে?
√ক) বিলাসী খ) খুড়া
গ) ন্যাড়া ঘ) বুড়ো মালো

গদ্য-০৩ -আমার পথ

প্রথম লাইন: আমার কর্ণধার আমি।
শেষ লাইন: দেশের পক্ষে যা মঙ্গলকর বা সত্য, শুধু তাই লক্ষ্য করে এই আগুনের ঝান্ডা দুলিয়ে পথে বাহির হলাম।
উৎস: প্রবন্ধটি কাজী নজরুল ইসলামের সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রূদ্র-মঙ্গল' থেকে সংকলিত হয়েছে।

সম্ভাব্য MCQ

১. আমার পথ প্রবন্ধ অনুসারে কীভাবে মানুষ ক্রমেই নিজেকে ছোট করে ফেলে?
√(ক) খুব বেশি বিনয় দেখাতে গিয়ে
(খ) খুব বেশি আবেগময়তা প্রকাশ করতে গিয়ে
(গ) খুব বেশি মহত্ত্ব প্রকাশ করতে গিয়ে
(ঘ) খুব বেশি সহনুভূতি করতে গিয়ে

২. নিজে নিষ্ক্রিয় থেকে কাকে প্রাণপণে ভক্তি করলেই দেশ উদ্ধার হয়ে যায় না?
(ক) একজন মানবকে √(খ) একজন মহাপুরুষকে
(গ) একজন জননেতাকে (ঘ)একজন বীর যোদ্ধাকে

৩. 'তথাকথিত দম্ভ' বলতে লেখক কোনটিকে বুঝিয়েছেন?
(ক) ক্ষমতার দম্ভ (খ) অর্থের দম্ভ
√(গ) আত্মাকে চেনা (ঘ) সম্পদকে চেনা

৪. কেউ কেউ ভুল করে কোনটিকে অহংকার বলে মনে করে?
(ক) নিজেকে সত্যবাদী বলে প্রতিষ্ঠা করা
(খ) নিজেকে শ্রেষ্ঠ বলে জাহির করা
(গ) সবসময় সত্য কথা বলা
√(ঘ) নিজের সত্যকে গুরু মনে করা

৫. ভুলের মধ্য দিয়ে কীভাবে সত্যকে পাওয়া যায়?
(ক) বার বার ভুল করে √(খ) ভুল থেকে শিক্ষা নিয়ে
(গ) ভুল চেপে রেখে (ঘ) ভাল স্বীকার করে

৬. কী বিনয়ের চেয়ে অনেক বেশি ভালো?
(ক) সত্য (খ) বাস্তবতা
√(গ) মিথ্যা (ঘ) আদর্শতা

৭. এই---- যেদিন সত্যি সত্যিই আমাদের আসবে সেদিনই আমরা স্বাধীন হব।
√(ক) আত্মনির্ভরতা (খ) পরাধীনতা
(গ) পরনির্ভরশীলতা (ঘ) কৃপনতা

৮. সবচেয়ে বড় ধর্ম কী?
(ক) ইসলাম ধর্ম (খ) হিন্দু ধর্ম
(গ) খ্রিস্টান ধর্ম √(ঘ) মানুষ ধর্ম

৯. কে প্রাবন্ধিক কে পথ দেখাবে?
(ক) গুরু √(খ) সত্য
(গ) দৃষ্টিভঙ্গি (ঘ) বিনয়

১০. আমার পথ প্রবন্ধ অনুসারে কোনটিকে ভন্ডামি বলা যায় না?
(ক) বিপদে পড়ে মিথ্যা বলে
(খ) ইচ্ছা থাকা সত্ত্বেও সত্য বলতে না পারা
(গ) ক্ষমতায়নের প্রতি আনুগত্য প্রকাশ করা
√(ঘ) নিজের সত্যকেই ভগবান বলে মানা

১১. আত্মার দম্ভতে শির উঁচু করে পুরুষ মনে কিসের ভাব আনে?
√(ক) ডোন্ট কেয়ার (খ) পৌরষ
(গ) অহংকার (ঘ) গাম্ভীর্য

১২. অন্তরে গোলাম ভাব না কাটলে মানুষের মনের কি কাটবে না?
(ক) জড়তা (খ) অসারতা
√(গ) দাসত্বপনা (ঘ) চাটুকারিতা

১৩. 'মেকি' শব্দের অর্থ কী?
(ক) স্থূল (খ) তীক্ষ্ণ
√(গ) মিথ্যা (ঘ) সত্য

১৬. কাজী নজরুল ইসলাম কত সালে বাঙালী পল্টনে যোগদান করেন?
(ক) ১৯১৫ (খ) ১৯১৬
√(গ)১৯১৭ (ঘ) ১৯১৮

১৫. নিচের কোন কাব্যগ্রন্থের রচিয়তা কাজী নজরুল ইসলাম নয়?
(ক) সঞ্চিতা √(খ) সঞ্চয়িতা
(গ) মরুভাস্কর (ঘ) নতুন চাঁদ

গদ্য-০৪ -মানব কল্যাণ

প্রথম লাইন: মানব কল্যাণ এ শিরোনাম আমার দেওয়া নয়।
শেষ লাইন: তা করা হলেই মানব কল্যাণ হয়ে উঠবে মানব মর্যাদার সহায়ক।
উৎস: 'মানব-কল্যাণ' প্রবন্ধটি ১৯৭২ খ্রিষ্টাব্দে রচিত। এটি প্রথমে 'মানবতন্ত্র' গ্রন্থে সংকলিত হয়।

সম্ভাব্য MCQ

১। 'মানব - কল্যাণ' প্রবন্ধটি লেখকের কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
ক) চৌচির খ) রাঙা প্রভাত
√গ) মানবতন্ত্র ঘ) মাটির পৃথিবী

২। "আমাদের দৃষ্টিভঙ্গি পাল্টাতে হবে"- এখানে 'দৃষ্টিভঙ্গি' বলতে বোঝানো হয়েছে-
√ক) মানসিকতার খ) সংস্কার
গ) দেখার কৌশল ঘ) দেখার ইচ্ছা

৩। 'মানব-কল্যাণ' প্রবন্ধটি কত খ্রিষ্টাব্দে রচিত?
ক) ১৯৭০ খ) ১৯৭১
√গ) ১৯৭২ ঘ) ১৯৭৩

৪। অনেকে দুস্থ মানুষকে করুণাবশত দান-খয়রাত করাকে মানব-কল্যাণ বলে মনে করেন কেন?
ক) সম্প্রদায়িক মনোভাবের কারণে √খ) সংকীর্ণ মনোভাবের কারণে
গ) রক্ষণশীল মনোভাবের কারণে ঘ) উদার মনোভাবের কারণে

৫। করুণাবশত দান-খয়রাতকে লেখক সংকীর্ণ মনোভাবের পরিচায়ক বলেছেন কেন?
ক) মানুষের উন্নতি অসম্ভব বলে খ) মানব-মর্যাদা দৃঢ় হয় বলে
√গ) মানব-মর্যাদা ক্ষুণ্ন হয় বলে ঘ) মনুষ্যত্ববোধ জাগ্রত হয় বলে

৬। লেখকের মতে, মানবকল্যাণ কী?
ক) মানুষের স্বাপ্নিক মঙ্গলের প্রয়াসে
√খ) মানুষের সার্বিক মঙ্গলের প্রয়াস
গ) মানুষকে সম্যক মঙ্গলের প্রয়াস
ঘ) মানুষের ব্যক্তিক মঙ্গলের প্রয়াস

৭। সকল অবমাননাকর অবস্থানে থেকে মর্যাদাপূর্ণ অবস্থায় মানুষের উত্তরণ ঘটানো কীভাবে সম্ভব?
√ক) মানুষের সার্বিক মঙ্গল সাধনের মাধ্যমে
খ) পারস্পরিক সংযোগ-সহযোগিতার মাধ্যমে
গ) দান-খয়রাতের পরিমাণ বৃদ্ধির মাধ্যমে
ঘ) সেবাধর্মী সংস্থা বৃদ্ধির মাধ্যমে

৮। আমাদের প্রচলিত ধারণা আর চলিত কথায় কোন কথাটি সস্তা ও মামুলি অর্থে ব্যবহৃত হয়?
ক) পরোপকার খ) মানব-মর্যাদা
√গ) মানব-কল্যাণ ঘ) মনুষ্যত্ববোধ

৯। একমুষ্টি ভিক্ষা দেওয়াকেও আমরা মানব-কল্যাণ মনে করি কেন?
√ক) উপলব্ধিহীনতার কারণে খ) যথার্থ উপলব্ধির কারণে
গ) মানসিক বিকারগ্রস্থতার কারণে
ঘ) মানবহিতৈষী মনোভাবের কারণে

১০। কোন কাজ মনুষ্যত্ববোধ ও মানব-মর্যাদাকে ক্ষুণ্ন করে?
√ক) ভিক্ষা প্রদান করা
খ) অপরের ব্যাথায় ব্যথিত হওয়া
গ) অন্যকে সাহায্য-সহযোগিতা করা
ঘ) মানবসেবায় নিয়োজিত হওয়া

১১। মনুষ্যত্ববোধ ও মানব-মর্যাদাকে ক্ষুণ্ন করার বিষয়টি অমাদের উপলব্ধি করা হয় না কেন?
ক) মানব-কল্যাণ থেকে মানুষের মুখ ফিরিয়ে নেওয়ার কারণেখ) আত্মস্বার্থে মানব-মর্যাদাকে অবমাননা করার কারণে
√গ) মানব-কল্যাণের প্রকৃত তাৎপর্য বুঝতে না পারার কারণে ঘ) মানব-কল্যাণের উল্টো অর্থ করার কারণে

১২। কোন বিষয়টি সাধারণত আমাদের উপলব্ধি করা হয় না?
ক) মানুষকে বঞ্চিত করার
খ) মানুষকে অপমানিক করার
√গ) মানব-মর্যাদাকে ক্ষুণ্ন করার
ঘ) মানুষকে সাহায্য-সহযোগিতা করার

১৩। 'নিচের হাত' বলতে লেখক কী বুঝিয়েছেন?
ক) মহৎ হৃদয় √খ) গ্রহীতা
গ) পরোপকারী ঘ) দাতা

১৪। 'ওপরের হাত' বলতে লেখক কী বুঝিয়েছেন?
√ক) দাতাকে খ) গ্রহীতাকে
গ) মহৎ হৃদয়কে ঘ) শুভাকাঙ্খীকে

১৫। দান বা ভিক্ষা গ্রহণকারীর মাঝে কোনটি প্রতিফলিত হয়?
ক) দাতা খ) সততা
গ) মৌনতা √ঘ) দীনতা

গদ্য-০৫ -মাসি-পিসি

প্রথম লাইন: শেষবেলায় খালে এখন পুরো ভাটা।
শেষ লাইন: যুদ্ধের আয়োজন করে তৈরি হয়ে থাকে মাসি-পিসি।
উৎস: 'মাসি-পিসি' গল্পটি প্রথম প্রকাশিত হয় কলকাতার 'পূর্বাশা' পত্রিকায় (মার্চ-এপ্রিল ১৯৪৬)। পরে এটি সংকলিত হয় 'পরিস্থিতি' (অক্টোবর ১৯৪৬) নামক গল্পগ্রন্থে। বর্তমান 'মাসি-পিসি' গল্পটি গ্রহণ করা হয়েছে 'ঐতিহ্য' প্রকাশিত 'মানিক-রচনাবলি' পঞ্চম খন্ড থেকে।

সম্ভাব্য MCQ

১. 'বেমাক্কা' শব্দের অর্থ কী?
(ক) বেহিসেবী √(খ) অসংগত
(গ) বেঈমান (ঘ) বেরসিক

২. কোথায় চায়ের দোকান?
√(ক) পুলের কাছে (খ) রাস্তার পাশে
(গ) গ্রামের শেষ মাথায় (ঘ) মাসি-পিসির বাড়ির কাছে

৩. কখন খালে ভাটা হয়?
(ক) সকাল বেলা (খ) বিকেল বেলায়
√(গ) শেষ বেলায় (ঘ) রাত্রিতে

৪. 'বজ্জাত হোক, খুনে হোক, জামাইতো' উক্তিটি কার?
(ক) পিসি √(খ) মাসি
(গ) কানাই চৌকিদার (ঘ) দারাগোবাবু

৫.'খপরটাকি তাই কও' উক্তিটি কার?
(ক) কৈলাস (খ) বুড়ো রহমান
(গ) মাসি √(ঘ) পিসি

৬. কে একা খড় চাপায় বাহকদের মাথায়?
(ক) কৈলাস √(খ) বুড়ো রহমান
(গ) মাসি (ঘ) পিসি

৭. শকুনরা উড়ে এসে কোথায় বসেছে?
√(ক) পাতা শুন্য শুকনো গাছটায় (খ) চায়ের দোকানে
(গ) কানায়ের বৈঠক খানায়
(ঘ) পুলের ধারে ক্রংক্রিটের ওপর

৮. বাজারে মাসি-পিসি কার সাথে ঝগড়া করছিল?
(ক) কৈলাস (খ) বুড়ো রহমান
√(গ) সরকার বাবু (ঘ) কানাই চকিদার

৯. জ্যোৎস্না বেশ উজ্জ্বল থাকে কোন রাত্রিতে?
(ক) দশমী (খ) একাদশী
√(গ) দ্বাদশী (ঘ) ত্রয়োদশী

১০. মাসি কী নিয়ে এসেছিল?
√(ক) বটি (খ) কুরাল
(গ) দা (ঘ) লাঠি

১১. জগু আহ্লাদিকে নিতে চায় কেন?
(ক) যৌতুকের লোভে √(খ) সম্পত্তির লোভে
(গ) ভালোবেসে (ঘ) অনুতপ্ত হয়ে

১২. 'অনেকটা পথ যেতে হবে কৈলেশ'। উক্তিটির মধ্যে কি ফুটে উঠেছে?
√(ক) সময়ের স্বল্পতা (খ) অভিপ্রায়
(গ) অবহেলা প্রদর্শন (ঘ) মানুষের ভয়

১৩. রান্না করে খাওয়ার আয়োজনের সময় বাইরে থেকে কার হাঁক আসে?
(ক) কৈলেশ বাবুর (খ) ওসমানের
(গ) গোকুলের √(ঘ) কানাইয়ের

১৪. মাসি ও পিসি উভয়ই–
(ক) সধবা নারী √(খ) বিধবা নারী
(গ) কুলীন নারী (ঘ) প্রিয়ংবদা নারী

১৫. 'মাসি-পিসি' গল্পের নৌকার মাঝখানে কে বসেছিল?
√(ক) আহ্লাদি (খ) বৃদ্ধার মেয়ে
(গ) কৈলাস (ঘ) মাসির ননদ

গদ্য-০৭ -রেইনকোট

প্রথম লাইন: ভোররাত থেকে ঝমঝম বৃষ্টি।

শেষ লাইন: তাদের সঙ্গে তার আঁতাতের অভিযোগ ও তাদের সঙ্গে তার আঁতাত রাখার উত্তেজনায় নুরুল হুদার ঝুলন্ত শরীর এতটাই কাঁপে যে চাবুকের বাড়ির দিকে তার আর মনোযোগ দেওয়া হয়ে ওঠে না।

উৎস: 'রেইনকোট' গল্পটি প্রকাশিত হয় ১৯৯৫ সালে। পরে এটি লেখকের সর্বশেষ গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' (১৯৯৭) গ্রন্থে সংকলিত হয়। এ গল্পের পাঠ গ্রহণ করা হয়েছে আখতারুজ্জামান ইলিয়াস রচনাসমগ্র-১ থেকে।

সম্ভাব্য MCQ

১. আখতারুঝ্ঝামান ইলিয়াস মূলত-
(ক)প্রাবন্ধিক √(খ) কথাসাহিত্যিক
(গ) উপন্যাসিক (ঘ) গীতিকার

২. রেইনকোট গল্পেকোন মাসের উল্লেখ নাই?
(ক) এপ্রিল (খ) জুন
√(গ) মে (ঘ)জুলাই

৩. নূরুল হুদাকে পাকিস্তানি হানাদার বাহিনী তলব করার কারণ-
(ক) কমান্ডারের নির্দেশে (খ) প্রিন্সিপালের নির্দেশে
(গ) মুক্তিযোদ্ধাদের নির্দেশে √(ঘ) তাকে মুক্তিযোদ্ধা ভেবে

৪. দোকানদারের ছেলেটা কেমন টাইপের?
√(ক) বাচাল (খ) অলস
(গ) কর্মঠ (ঘ) শিক্ষিত

৫. রেইনকোর্ট গল্পে কোন ডিপার্টমেন্টের নাম উল্লেখ নাই?
(ক) বোটানি (খ) হিস্ট্রি
(গ) জিওগ্রাফি √(ঘ) আইন

৬. আখতারুজ্জামান ইলিয়াসের প্রথম প্রবন্ধ কোনটি?
√(ক) সংস্কৃতি ভাঙা সেতু (খ) জাল স্বপ্ন স্বপ্নের জাল
(গ) দোযখের ওম ক (ঘ) কোনটি নয়

৭. "মিসকিরিয়ান লোক ইলেকটিরি পেরানসফার্মার তোড় দিয়া" কথাটি কে বলেছে?
(ক) নুরুল হুদা √(খ) প্রিন্সিপালের পিয়ন
(গ) আব্দুস সাত্তার (ঘ) কেউ নয়

৮. "রেনকোর্ট" গল্পে কয়জনরক চোখ বেঁধে জিপে তোলা হয়েছিল?
(ক) এক √(খ) দুই
(গ) তিন (ঘ) চার

৯. প্রিন্সিপালের কোয়ার্টার কোন দিকে আবস্থিত?
(ক) কলেজের পুকুর পাড়ের উত্তর দিকে
(খ) কলেজের বাগানের দক্ষিণ দিকে
√(গ) মাঠ পেরিয়ে একটু বাদিকে
(ঘ) কলেজের ক্লাবের দেয়াল ঘেঁষে দক্ষিণ দিকে

১০. কার জন্যে প্রিন্সিপাল দিনরাত দোয়া- দরুদ করে?
(ক) মুক্তিযোদ্ধাদের জন্য (খ) শিক্ষকের জন্য
√(গ) পাকিস্তানের জন্য (ঘ) পরিবারের জন্য

১১.মসজিদের কোন দিকের বড়িতে তিনতলায়য় থাকত তারা?
(ক) পশ্চিমদিকে (খ) উত্তর দিকে
(গ) কোণার দিকে √(ঘ) উল্টাদিকে

১২. উর্দুর প্রফেসর কে?
√(ক) আকবর সাজিদ (খ) আবদুস সাত্তার
(গ) আফাজ আহমেদ (ঘ) নুরুল হুদা

১৩. 'রেইনকোর্ট' গল্পে কার খ্যাস খ্যাস গলা?
√(ক) ড. আফাজ আহমেদ (খ) নুরুল হুদা
(গ) মিন্টু (ঘ) মুয়াজ্জিম সাহেব

১৪. মিন্টু মগবাজারে দুই কামরার ফ্ল্যাট থেকে চলে যায় কবে ?
(ক) ১ এপ্রিল (খ) ৩০ মার্চ
√(গ) ২৩ জুন (ঘ) ২১ ফেব্রুয়ারী

১৫. বাস থামার সঙ্গে সঙ্গে তিনটে ক্রিমিনাল নেমে পড়ে কেন?
√(ক) ভয়ে (খ) বন্ধুর
(গ) কাজের প্রয়োজনে (ঘ) মিলিটারির ইচ্ছায়

১৬.নুরুল হুদাকে মিলিটারিরা কয়টা ঘুষি মারে?
√(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫

১৭. "আগের বাঢ়ো" ড্রাইভারকে এই নির্দেশ দেয় কে?
(ক) আফাজ √(খ) মিলিটারি
(গ) মিন্টু (ঘ) চোর ও পকেটমার

১৮. 'টু শব্দটি না করা' বাগধারাটির অর্থ কি?
(ক) চুপচাপ লুকিয়ে থাকা (খ) প্রচন্ড আঘাতের শব্দ
√(গ) কোন প্রতিবাদ না করা (ঘ) নীরব থাকা

১৯. গ্রামগঞ্জে গিয়েই পাকিস্তানি বাহিনী প্রথমে কিসের দিকে কামান তাক করেছে?
(ক)ধন- সম্পদের দিকে (খ) মুক্তিযোদ্ধাদের দিকে
√(গ) শহিদ মিনারের দিকে (ঘ) মেয়েলোকের দিকে

২০. 'হরদম ' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?
(ক) আরবি √(খ) হিন্দি

(গ) সংস্কৃতি (ঘ) তুর্কি

২১. 'শহিদ' কোন ভাষার শব্দ?
(ক) ফারসি √(খ) আরবি
(গ) সংস্কৃত (ঘ) তুর্কি

২২. ''পকেটমার ' কোন সমাসের উদাহরণ?
(ক) বহুব্রীহি সমাস √(খ) তৎপুরুষ সমাস
(গ) অব্যয়ীভাব সমাস (ঘ) দ্বিগু সমাস

২৩. 'ছদ্মবেশী' শব্দের প্রমিত উচ্চরণ কোনটি?
(ক) ছদ্‌দোঁবেশি √(খ) ছদ্‌দোবেশি
(গ) ছদ্‌দোবেশি (ঘ) কোনটিই নয়

২৪. শুদ্ধ বানান কোনটি?
(ক) আবরন √(খ) আবরণ
(গ) আবড়ন (ঘ) আবড়ণ

পদ্য সম্পর্কিত প্রাথমিক ধারণা

পদ্য-০১ -সোনার তরী

প্রথম লাইন: গগনে গরজে মেঘ, ঘন বরষা।
শেষ লাইন: যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।
উৎস: 'সোনার তরী' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্য গ্রন্থের নাম কবিতা।

সম্ভাব্য MCQ

১। রবিন্দ্রনাথ ঠাকুর কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?
ক) ১৮৩৮ খ) ১৮৪১
√গ) ১৮৬১ ঘ) ১৮৯৯

২। 'সোনার তরী' কবিতায় কোন ঋতুর প্রভাব লক্ষ করা যায়?
ক) শরৎ √খ) বর্ষা
গ) গ্রষ্মী ঘ) হেমন্ত

৩। 'বর্ষা' শব্দের রূপান্তরিত রূপ কোনটি?
√ক) বরষা খ) বরশা
গ) বর্শা ঘ) বরসা

৪। "কূলে একা বসে আছি, নাহি ভরসা" বলতে কবি কী বুঝিয়েছেন?
√ক) অনিশ্চয়তা খ) আশঙ্কা
গ) হতাশা ঘ) অপ্রাপ্তিবোধ

৫। 'সোনার তরী' কবিতার 'ভারা ভারা' শব্দগুচ্ছ কী বোঝাতে ব্যবহৃত হয়েছে?
ক) প্রয়োজনীয়তা √খ) বিপুলতা বোঝাতে
গ) পূর্ণতা বোঝাতে ঘ) স্বল্পতা বোঝাতে

৬। কখন বর্ষা শুরু হয়েছে?
ক) ধান কাটার মধ্যে খ) ধান কাটা শুরু হলে
√গ) ধান কাটতে কাটতে ঘ) ধান কাটা শেষ হলে

৭। 'সোনার তরী' কবিতায় 'আমি' শব্দটির প্রতীকী অর্থ কী?
ক) কৃষক √খ) শিল্পস্রষ্টা কবি
গ) মাঝি ঘ) সোনার ধান

৮। ধানখেতের পরিবেশ কেমন ছিল?
ক) খেতটি জলমগ্ন ছিল খ) সবকিছু শান্ত-স্থির ছিল
√গ) চারদিকে বাঁকা জল খেলা করছিল
ঘ) চারপাশ বৌদ্রকরোজ্জ্বল ছিল

৯। 'সোনার তরী' কবিতায় 'বাঁকা জল' মূলত কীসের প্রতীক?
ক) কর্মফলের খ) মহাকালের
√গ) কালস্রোতের ঘ) আশঙ্কার

১০। 'তরুছায়া' অর্থ কী?
√ক) গাছে ছায়া খ) নদীর ছায়া
গ) বাড়ির ছায়া ঘ) প্রাণীর ছায়া

১১। 'সোনার তরী' কবিতাটিতে কোনটির মাধ্যমে গাছপালার কালচে রংমাখা অবস্থা বোঝানো হয়েছে?
ক) পরপারে দেখি আঁকা √খ) তরুছায়ামসী- মাখা
গ) চারিদিকে বাঁকা জল ঘ) গ্রামখানি মেঘে ঢাকা

১২। কবির বর্ণনায় নিরুপায় ঢেউগুলো কী করে?
√ক) ভাঙে দু ধারে খ) মনে শান্তি দেয়
গ) নৌকা ডুবিয়ে দেয় ঘ) খেলা করে

১৩। 'বিদেশ' বলতে কী বোঝানো হয়েছে?
√ক) অপরিচিত স্থানে খ) দেশের বাইরে
গ) গ্রামের বাড়িতে ঘ) পশ্চাত্য দেশে

১৪। মাঝিকে কোথায় তরী ভেড়ানোর কথা বলা হয়েছে?
ক) পরপারে √খ) নদীকূলে
গ) ধানখেতে ঘ) দূরবর্তী গ্রামে

১৫। সৃষ্টিকর্মকে সোনার ফসল বলা হয়েছে কেন?
ক) সৃষ্টিকর্ম বিখ্যাত বলে খ) সৃষ্টিকর্ম শ্রমের ফল বলে
গ) সৃষ্টিকর্ম উৎকৃষ্ট বলে √ঘ) সৃষ্টিকর্ম বিনশ্বর বলে

পদ্য-০২ -বিদ্রোহী

প্রথম লাইন: বল বীর– বল উন্নত মম শির!
শেষ লাইন: বিশ্ব ছাড়ায়ে উঠিয়াছি একা চির উন্নত শির!
উৎস: কাজী নজরুল ইসলাম রচিত 'বিদ্রোহী' কবিতাটি কবির প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নিবীণা' (১৯২২) থেকে সংকলিত হয়েছে। 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থের দ্বিতীয় কবিতা 'বিদ্রোহী'।

সম্ভাব্য MCQ

১। কত বছর বয়সে কাজী নজরুল ইসলামের পিতৃবিয়োগ ঘটে?
√ক) ৮ খ) ৯
গ) ১০ ঘ) ১১

২। কাজী নজরুল ইসলাম কোথায় যোগদানের মাধ্যমে সৃষ্টিশীল সত্তার অধিকারী হয়ে ওঠেন?
ক) গ্রামের মক্তবে √খ) লেটোর দলে
গ) সেনাবাহিনীতে ঘ) সাহিত্য পত্রিকা

৩। ভারত সরকার কবি কাজী নজরুল ইসলামকে কোন উপাধিতে ভূষিত করে?
ক) পদ্মশ্রী খ) ভারতরত্ন
√গ) পদ্মভূষণ ঘ) পদ্মাবিভূষণ

৪। 'বিদ্রোহী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে?
ক) অগ্নি-বীণা খ) দোলনচাঁপা

গ) বিশেষ বাঁশী √ঘ) সাম্যবাদী

৫। কোন যুগে 'বিদ্রোহী' কবিতার মধ্য দিয়ে এক প্রাতিস্বিক কবিকণ্ঠের আত্মপ্রকাশ ঘটে?
ক) প্রাচীন যুগে খ) মধ্যযুগে
গ) মাইকেলযুগে √ঘ) রবীন্দ্রযুগে

৬। কবি নিজেকে পৃথিবীর কী হিসেবে ঘোষণা করেছেন?
ক) আশীর্বাদ √খ) অভিশাপ
গ) শান্তির দূত ঘ) দীর্ঘশ্বাস

৭। পঞ্চ-পান্ডবের দ্বিতীয় পান্ডব কে?
ক) শ্যাম √খ) ভীম
গ) পরশুরাম ঘ) বলরাম

৮। "মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ- তূর্য"- পঙক্তিতে কী বোজানো হয়েছে?
ক) ভালোবাসা ও গৃণার যুগপৎ অবস্থান
√খ) প্রেম ও দ্রোহের যুগপৎ অবস্থান
গ) নতুন ও পুরাতনের যুগপৎ অবস্থান
ঘ) ভালো ও মন্দের যুগপৎ অবস্থান

৯। কবি নিজেকে ছাড়া আর কাউকে কুর্নিশ করেন না কেন?
ক) অহংকারী বলে খ) বিদ্রোহী বলে
গ) শক্তিশালী √ঘ) আত্মমর্যাদাবোধসম্পন্ন বলে

১০। নিচের কোন জিনিসটি মহাদেবের হাতে থাকে?
ক) চক্র খ) শঙ্খ
গ) গদা √ঘ) ত্রিশূল

১১। 'বিদ্রোহী' কবিতায় কাকে ক্ষ্যাপা বলা হয়েছে?
ক) অর্ফিয়াসকে √খ) দুর্বাসাকে
গ) শিবকে ঘ) ইস্রাফিলকে

১২। নজরুল নিজেকে কার শিষ্য বলেছেন?
ক) চেঙ্গিসের খ) অর্ফিয়াসের
√গ) বিশ্বামিত্রের ঘ) বলরামের

১৩। নিদাঘ' শব্দটি কোন ঋতুকে নির্দেশ করে?
√ক) গ্রীস্ম খ) বর্ষা
গ) শরৎ ঘ) হেমন্ত

১৪। "আমি শ্যামের হাতের বাঁশরী" - এখানে 'শ্যাম' বলতে কাকে বোঝানো হয়েছে?
ক) মহাদেবকে খ) বিষ্ণুকে
গ) নারায়ণকে √ঘ) শ্রীকৃষ্ণকে

১৫। কবিকে দেখে সপ্ত নরক হাবিয়া দোজখ কেঁপে কেঁপে নিভে যায় কেন?
ক) ক্রোধে খ) সিক্ত হয়ে
√গ) ভয়ে ঘ) অজানা আশঙ্কায়

পদ্য-০৩ -প্রতিদান

প্রথম লাইন: আমার এ ঘর ভাঙিয়াছে যেবা আমি বাঁধি তার ঘর।
শেষ লাইন: আপন করিতে কাঁদিয়া বেড়ায় যে মোরে করেছে পর।
উৎস: 'প্রতিদান' কবিতাটি কবি জসীমউদ্‌দীনের 'বালুচর' কাব্যগ্রন্থ থেকে সংকলিত।

সম্ভাব্য MCQ

১। জসীমউদ্‌দীন কলেজে অধ্যায়নকালে কোন কবিতা রচনা করে খ্যাতি অর্জন করেন?
ক) রুপাই √খ) কবর গ) পল্লিজননী ঘ) দেশ

২। জসীমউদ্‌দীন কোথায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন?
ক) কলকাতা খ) রাজশাহী
√গ) ঢাকা ঘ) ফরিদপুর

৩। 'প্রতিদান' কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?
ক) ধানখেত √খ) বালুচর
গ) রাখালি ঘ) মাটিদ্বারা

৪। কবি কেন ভালোবাসাপূর্ণ মানুষ কামনা করেছেন?
√ক) নিরাপদ পৃথিবীর জন্য খ) ব্যক্তিস্বার্থে
গ) পরিবারের জন্য ঘ) প্রতিদান পেতে

৫। কবি অনিষ্টকারীকে কী দিয়েছেন?
ক) শাস্তি √খ) ক্ষমা
গ) অর্থ ঘ) দয়া

৬। কবি অন্যের ঘর বেঁধে দিতে চান কেন?
ক) নিজের অভ্যাসগত কারণে
√খ) সুন্দর পৃথিবী নির্মাণের মানসে
গ) প্রতিদান পাওয়ার জন্য ঘ) অর্থলাভের বাসনায়

৭। "যে মোরে করিল পথের বিবাগী" - এ পঙক্তির পরবর্তী চরণ কী?
√ক) পথে পথে আমি ফিরি তার লাগী
খ) পথ হতে পথে ফিরি তার লাগী
গ) পথে ঘাটে আমি ফিরি তার লাগী
ঘ) পথে পথে ফিরি তার লাগী

৮। 'প্রতিদান' কবিতায় উল্লিখিত রজনী কেমন ছিল?
√ক) দীঘল খ) অন্ধকারাচ্ছন্ন
গ) জ্যোৎস্নাশোভিত ঘ) মেঘাচ্ছন্ন

৯। কবি তাঁর ঘুম হরণকারীর জন্য দীঘল রজনী জেগে কীসের পরিচয় দিয়েছেন?
ক) কৃতজ্ঞতার খ) দুর্বলতার
√গ) মহত্ত্ববোধ ঘ) মেঘাচ্ছন্ন

১০। আঘাতকারীর জন্য কান্নার মধ্য দিয়ে কবির মাঝে কী প্রকাশ পেয়েছে?
ক) অসহায়ত্ব খ) শোক
গ) প্রতিহিংসা √ঘ) মানবপ্রেম

১১। "যে মোরে দিয়েছে বিষে-ভরা বাণ, আমি দেই তারে বুকভরা গান" - এ পঙক্তিতে কী বোঝানো হয়েছে?
√ক) আত্মাত্যাগ খ) সর্বংসহা মনোভাব
গ) বোকামি ঘ) পারস্পারিক

১২। কবি কাঁটার বিনিময়ে ফুল দান করেন-
ক) এক মাস ধরে খ) এক বছর ধরে
গ) এক যুগ ধরে √ঘ) সারা জীবন ধরে

১৩। 'প্রতিদান' কবিতায় কবর বাঁধা বলতে কী বোঝানো হয়েছে?
ক) উপহাস করা √খ) ব্যথা দেওয়া
গ) সাহস দেওয়া ঘ)অবজ্ঞা করা

১৪। 'প্রতিদান' কবিতায় উল্লিখিত ফুল কেমন?
ক) তাজা খ) বর্ণহীন
√গ) রঙিন ঘ) শুকানো

১৫। 'প্রতিদান' কবিতায় ফুল-মালঞ্চ কীসের সোহাগ জড়ানো?
ক) মাতৃস্নেহের খ) কূল ভাসানো ঢেউয়ের
√গ) রঙিন ফুলের ঘ) হৃদয়ের উষ্ণতার

পদ্য-০৪ -তাহারেই পড়ে মনে

প্রথম লাইন: হে কবি, নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়,
শেষ লাইন: রিক্ত হস্তে! তাহারেই পড়ে মনে ভুলিতে পারিনা কোনা মতে।
উৎস: সুফিয়া কামালের 'তাহারেই পড়ে মনে' কবিতাটি ১৯৩৫ খ্রিষ্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় [নবম বর্ষ, ষষ্ঠ সংখ্যা, ১৩৪২] প্রথম প্রকাশিত হয়। পরবর্তীতে এটি 'সাঁঝের মায়া' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত হয়।

সম্ভাব্য MCQ

১। 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'কবি' কথাটি কতবার ব্যবহৃত হয়েছে?
(ক) ৬ (খ) ৪
(গ) ৭ √(ঘ) ৫

২। সুফিয়া কামালের পারিবারিক ভাষা কী ছিল?
(ক) আরবি √(খ) উর্দু
(গ) ফারসি (ঘ) বাংলা

৩। 'কহিল সে কাছে সরি আসি'–পরের লাইনটি কী?
√(ক) কহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী
(খ) বাতাবি নেবুর ফুল ফুটেছে কি
(গ) নাই হলো, নাই হোক এবারে
(ঘ) শুনি নাই, রাখিনি সন্ধান

৪। সুফিয়া কামালের জন্মস্থান–
(ক) রাজশাহী (খ) খুলনা
(গ) সিলেট √(ঘ) বরিশাল

৫। ফুল ফোটে নি শাখে? পুষ্পারতি লভে নি কি---" শূন্যস্থানে কি হবে?
(ক) বসন্ত এর সাজ (খ) ঋতুর সাজন
(গ) ঋতুর সাজ √(ঘ) ঋতুর রাজন

৬। হে কবি নীরব কেন ফাল্গুন এসেছে ধরায়; এখানে নীরব কী অর্থে ব্যবহৃত হয়েছে?
(ক) স্তব্ধ (খ) নিশ্চুপ
√(গ) উদাসীন (ঘ) উচ্ছ্বাসহীন

৭। কোন বেলায় ফুল ফোটেনি বলে কবি প্রশ্ন রাখে?
(ক) বৈশাখ √(খ) ফাল্গুন
(গ) পৌষ (ঘ) মাঘ

৮। 'তাহারেই পড়ে মনে' কবিতাটির চরণ সংখ্যা কতটি?
√(ক) ৩০ (খ) ৩১
(গ) ৩২ (ঘ) ৩৩

৯। 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'হে কবি' কথাটি কয়বার বলা হয়েছে?
√(ক) ১ (খ) ২
(গ) ৩ (ঘ) ৪

১০। 'তাহারেই পড়ে মনে' কবিতায় প্রশ্নবোধক চিহ্ন ব্যবহৃত হয়েছে কতবার?
(ক) ১৭ (খ) ১৮
√(গ) ১৯ (ঘ) ২০

১১। নিচের কোন বানানটি শুদ্ধ?
√(ক) স্মরিয়া (খ) স্মরিয়া
(গ) স্মরীয়া (ঘ) স্মরিয়া

১২। কবি ভক্ত কবির কণ্ঠে কি শুনতে চেয়েছে?
√(ক) বসন্তের বন্দনা (খ) শীতের বন্দনা
(গ) গ্রীষ্মের বন্দনা (ঘ) বর্ষার বন্দনা

১৩। 'শুনি নাই, রাখিনি সন্ধান'- কবি কার সন্ধান রাখেননি?
(ক) চৈত্রের (খ) শীতের
(গ) বর্ষার √(ঘ) বসন্তের

১৪। বসন্তের প্রতি কবি বিমুখ কেন?
(ক) বরণের আগে বসন্ত এসেছে বলে
(খ) বন্দনাগীতি রচিত হয়নি বলে
(গ) শীত কবির প্রিয় বলে
√(ঘ) রিক্ত শীতের করুণ বিদায় রচিত হয়নি বলে

১৫। 'সমীর শব্দটির প্রমিত উচ্চারণ কোনটি?
(ক) সোমির √(খ) শোমির্
(গ) শোমীর (ঘ) শোমির

পদ্য-০৫ -আঠারো বছর বয়স

প্রথম লাইন: আঠারো বছর বয়স কী দুঃসহ
শেষ লাইন: এ দেশের বুকে আঠারো আসুক নেমে।
উৎস: সুকান্ত ভট্টাচার্যের 'আঠারো বছর বয়স' কবিতাটি ১৯৪৮ খ্রিস্টাব্দে প্রকাশিত তাঁর 'ছাড়পত্র' কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে।

সম্ভাব্য MCQ

১. 'পূর্ণিমা চাঁদ যেন ঝলসানো রুটি' উক্তিটি সুকান্ত ভট্টাচার্যের কোন কাব্যের অন্তর্গত?
√(ক) ছাড়পত্র (খ) ঘুম নেই
(গ) হরতাল (ঘ) পূর্বাভাস

২. 'আঠারো বছর বয়স' কবিতাটির মর্মকথা–
(ক) স্বদেশপ্রেম (খ) যৌবনের হতাশা
√(গ) নির্ভয় ও সাহসের জয়ধ্বনি (ঘ) ইচ্ছার আকুতি

৩. 'আঠারো বছর বয়স' কবিতবায় 'আঠারো' অর্থ কী?
(ক) ঔদ্ধত্য (খ) প্রতিবাদ
(গ) জাগরণ √(ঘ) যৌবণ

৪. নিচের কোন চরণে 'আঠারো বছর বয়স' কবিতার ইতিবাচক উক্তব্যের প্রকাশ ঘটেছে?
(ক) তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা
(খ) দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার
√(গ) তএ বয়স জানে রক্তদানের পূণ্য
(ঘ) ক্ষত বিক্ষত হয় সহস্র প্রাণ

৫. আঠারো বছরেরর তরুণেরা 'শপথের কোলাহলে' কী সপে দেয়?
√(ক) আত্মা (খ) প্রাণ
(গ) মাথা (ঘ) স্পর্ধা

৬. আঠারো বছর বয়সে কী ক্ষতবিক্ষত হয়?
(ক) বুক (খ) চরিত্র
√(গ) প্রাণ (ঘ) সারা দেহ

৭. কারা ভীরু, কাপুরুষ নয়?
(ক) কর্মীরা √(খ) তরুণরা
(গ) শিশুরা (ঘ) বৃদ্ধরা

৮. বিপদের মুখে আঠারো বছর বয়স কেমন?
(ক) পশ্চাদমুখী √(খ) অগ্রণী
(গ) ভীরু (ঘ) 'সাহসী

৯. আঠারো বছর বয়সের নেতিবাচক দিক কোনটি?
(ক) ভয় নেই (খ) কাঁদতে জানে

(গ) মাথা নোওয়ায় না √(ঘ) পদস্থলন হতে পারে

১০. 'তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা' এখানে যন্ত্রণাগুলো কী?
(ক) অন্যায় (খ) অত্যাচার
(গ) সামাজিক বৈষম্য √(ঘ) সবগুলো

১১. কোন পঙ্‌ক্তিটি 'আঠারো বছর বয়স'কবিতায় নেই?
√(ক) 'আঠারো বছর বয়স' দুর্নিবার
(খ) 'আঠারো বছর বয়স' ভয়ংকর
(গ) 'আঠারো বছর বয়সে' আঘাত আসে
(ঘ) 'আঠারো বছর বয়স' কী দুঃসহ

১২. অজস্র আঘাতে ক্ষত বিক্ষত নিঃশেষিত হতে পারে সহস্র প্রাণ। নিঃশেষিত হতে পারে কীভাবে?
(ক) অসহায়ত্ব √(খ) ব্যর্থতার যন্ত্রণায়
(গ) করুণ নিঃসঙ্গতার (ঘ) মূল্যহীন জীবন ভাবনায়

১৩. 'আঠারো বছর বয়স' কবিতায় প্রথম স্তবকে প্রকাশিত হয়েছে?
(ক) তারুণ্যের অসহায়ত্ব (খ) তারুণ্যের শক্তিময়তা
(গ) তারুণ্যের শক্তিপ্রিয়তা √(ঘ) তারুণ্যের ভয়াভহ রূপ

১৪. 'আঠারো বছর বয়স কি দুঃসহ'– কেন?
(ক) এ বয়সে নানা জনে নানা কথা বলে
(খ) এ বয়সে অনেক বেশি দেখা যায় না
(গ) এ বয়সে বড় ধরনের শারীরিক মানসিক পরিবর্তন হয়
√(ঘ) এ বয়সে নিজের পায়ে দাঁড়ানোর ঝুকি নিতে হয়

১৫. প্রাণবন্ত তরুণেরা ক্ষুব্ধ হয়ে উঠে কেন?
(ক) মৃত্যু দেখে √(খ) অত্যাচার শোষণ দেখে
(গ) পরাজয় দেখে (ঘ) হতাশ হয়ে

১৬. 'আঠারো বছর বয়স' কবিতার চরণ সংখ্যা কতটি?
(ক) ৩০ (খ) ৩১
√(গ) ৩২ (ঘ) ৩৩

১৭. 'আঠারো বছর বয়স' কবিতায় উল্লেখিত স্টীমার কিসের বেগে চলে?
(ক) বিদ্যুতের বেগে (খ) মেঘের মতো
√(গ) বাষ্পের মতো (ঘ) স্রোতের মতো

১৮. 'আঠারো বছর বয়স' মূলত–
(ক) প্রেমের কবিতা √(খ) বিপ্লবাত্মক কবিতা
(গ) জীবনের কবিতা (ঘ) জাগরণমূলক কবিতা

১৯. কবির মতে আঠারো বছর বয়স কিসে কালো?
√(ক) দীর্ঘশ্বাসে (খ) যন্ত্রণায়
(গ) মন্ত্রণায় (ঘ) হতাশায়

২০. শুদ্ধ বানান নিদেশ করো–
(ক) মন্ত্রনা (খ) মনত্রনা
√(গ) মন্ত্রণা (ঘ) কোনোটিই নয়

২১. 'পথে প্রান্তরে' কোন সমাসের উদাহরণ?
(ক) অলুক বহুব্রীহি (খ) অলুক কর্মধারয়
√(গ) অলুক দ্বন্দ্ব (ঘ) কোনোটিই নয়

২২. 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন ছন্দে রচিত?
(ক) স্বরবৃত্ত √(খ) মাত্রাবৃত্ত
(গ) পয়ার (ঘ) অমিত্রাক্ষর

২৩. 'আঠারো বছর বয়স' কবিতায় 'এ বয়স' ব্যবহৃত হয়েছে কত বার?
√(ক) ১২ (খ) ১৭
(গ) ১৮ (ঘ) ২০

২৪. 'এ বয়স তবু নতুন কিছু তো করে' এখানে তবু হচ্ছে–
(ক) বিশেষ্য (খ) বিশেষণ
(গ) সর্বনাম √(ঘ) অব্যয়

২৫. এদেশের বুকে আঠারো আসুক নেমে' এ বাক্যে আঠারো কী অর্থে ব্যবহৃত হয়েছে?
(ক) বিস্ময়বোধক √(খ) ইতিবাচক
(গ) নেতিবাচক (ঘ) সন্দেহবাচক

পদ্য-০৬ -ফেব্রুয়ারি ১৯৬৯

প্রথম লাইন: আবার ফুটেছে দেখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে
শেষ লাইন: শিহরিত ক্ষণে ক্ষণে আনন্দের রৌদ্রে আর দুঃখের ছায়ায়।
উৎস: 'ফেব্রুয়ারী ১৯৬৯' শীর্ষক কবিতাটি কবি শামসুর রহমানের 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে।

সম্ভাব্য MCQ

১. সকলশ্রেণি ও পেশার মানুষ কিসের শৃঙ্খল থেকে মুক্তির আকাঙ্খায় ঘরছাড়া হয়েছে?
(ক) কঠিন বাস্তবতার (খ) দারিদ্রতার
(গ) আত্মগ্লানির √(ঘ) অত্যাচার ও শোষণের

২. একা হেঁটে যেতে যেতে মনে হয়- ফুল নয়, ওরা , এখানে কোন ফুলের কথা বলা হয়েছে?
√(ক) কৃষ্ণচূড়া (খ) শিমুল (গ) পলাশ (ঘ) রক্তজবা

৩. কবি মানবিকতার ও সুন্দর কল্যাণের জগত বোঝাতে কোন প্রতীক ব্যবহার করেছেন?
(ক) কৃষ্ণচূড়া (খ) আস্তানা
(গ) মানবিক বাগান √(ঘ) কমলবন

৪. শামসুর রহমানের 'বন্দী শিবির থেকে' একটি?
(ক) উপন্যাস (খ) নাটক
(গ) প্রবন্ধ √(ঘ) কাব্যগ্রন্থ

৫. নিচের কোন কবিতাটি পাকিস্তানি শাসক গোষ্ঠির বিরুদ্ধে যে গণ আন্দোলন হয়েছিল সেই গণ আন্দোলোনের পটভূমিতে রচিত?
(ক) একটি ফটোগ্রাফ' √(খ) ফেব্রুয়ারি ১৯৬৯
(গ) দুঃসময়ের মুখোমুখি (ঘ) ফিরিয়ে দাও ঘাতক কাঁটা

৬. বাঙালি জাতীয়তাবাদের অবিসংবাদিত নেতা কে?
(ক) আসাদুজ্জামান (খ) ড.তোফায়েল
√(গ) শেখ মুজিবুর রহমান (ঘ) মতিউর

৭. 'বুঝি তাই উনিশশো উনসত্তরেও আবার সালাম নামে রাজপথে'- সালাম রাজপথে নেমে কী করে?
(ক) স্লোগান দেয় √(খ) পতাকা উড়ায়
(গ) শহিদ হয় (ঘ) ভাষণ দেয়

৮. 'ফেব্রুয়ারি ১৯৬৯' সালামের মুখ আজ-
√(ক) তকরুণ শ্যামল পূর্ব বাংলা (খ) বিমর্ষ
(গ) উন্মাথিত (ঘ) আলোচিত ঢাকা

৯. দিনরাত্রি বহুলোক কোথায় ভূলুণ্ঠিত হচ্ছে?
(ক) নিজ দেশে (খ) নিজ ঘরে
(গ) রাজপথে √(ঘ) ঘাতকের আস্তানায়

১০. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার শেষ চরণ কোনটি?
(ক) এখানে এসেছি কেন? এখানে কী কাজ আমাদের
(খ) শিহরিত ক্ষণে ক্ষণে আনন্দের রৌদ্র আর দুঃখের ছায়ায়
√(গ) আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে
(ঘ) সালামের হাতে আজ আলোকিত ঢাকা

১১. কবি শামসুর রহমান কোন কলেজ থেকে ইন্টারমিডিয়েট পাশ করেন?
√(ক) ঢাকা কলেজ (খ) জগন্নাথ কলেজ
(গ) বহরমপুর কলেজ (ঘ) ফেণী কলেজ

১২. কোন রং চোখে লাগেনা ভালো?
(ক) যে রং পাকা নয় (খ) যে রং গাঢ় নয়
(গ) যে রং হালকা নয় √(ঘ) যে রং সন্ত্রাস আনে

১৩. 'একুশের কৃষ্ণচূড়া' আমাদের কী স্মরণ করিয়ে দেয়?
(ক) একুশে এপ্রিলের কথা (খ) একুশে আগষ্টের কথা
√(গ) একুশে ফেব্রুয়ারির কথা (ঘ) একুশে জানুয়ারির কথা

১৪. মুক্তিযুদ্ধকালে কবি কোন ছদ্মনামে কবিতা লিখতেন?
(ক) নীল লোহিত (খ) ভানুসিংহ
(গ) বীরবল √(ঘ) মজলুম আদিব

১৫. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কৃষ্ণচূড়া শহরের পথে পথে ফুটে আছে–
(ক) থরে-বিথরে (খ) সারি সারি হয়ে
(গ) বৈচিত্রপূর্ণভাবে √(ঘ) নিবিড় হয়ে

১৬. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় লক্ষনীয় বিষয়–
(ক) আন্দোলন-সংগ্রামে বাঙালির চেতনাবোধ
(খ) আন্দোলন ও সংগ্রামে বাঙালির চেতনার জাগরণ
(গ) জীবনের তাৎপর্যের দার্শনিক উন্মোচন
√(ঘ) ক + খ

১৭. 'এখনো বীরের রক্তে, দুঃখিনী মাতার অশ্রুজলে/ফোটে ফুল...। কবি রহমানের মতে কোথায় ফুল ফোটে?
(ক) একুশের কৃষ্ণচূড়ার শাখায় (খ) বাস্তবের বিশাল চত্বরে
(গ) হৃদয়ের হরিৎ উপত্যকায় √(ঘ) খ + গ

১৮. থরে থরে ফোটা কৃষ্ণচূড়া ফুল দেখে কবির মনে হয়েছে–
(ক) এরা যেন শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ
(খ) এর শহিদের স্মৃতিগন্ধে ভরা
(গ) এটি আমাদের চেতনার রং √(ঘ) সবগুলো

১৯. কবি একুশের চেতনা খুঁজে পান কিসে?
(ক) রক্তজবায় (খ) পলাশে
√(গ) কৃষ্ণচূড়ায় (ঘ) লাল গোলাপে

২০. নিচের কোন বানানটি শুদ্ধ?
(ক) ভিষণ √(খ) ভীষণ
(গ) ভীষন (ঘ) ভীসণ

২১. 'দুর্যোগ' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি?
(ক) দু + যোগ (খ) দুর + যোগ
√(গ) দুঃ + যোগ (ঘ) দূর + যোগ

২২. 'নক্ষত্র' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?
(ক) নক্‌খোত্‌ত্রো √(খ) নোক্‌খোত্‌ত্রো
(গ) ণক্‌খোত্‌ত্রো (ঘ) কোনোটিই নয়

২৩. 'আস্তানা' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় স্থান লাভ করেছে?
√(ক) ফারসি (খ) আরবি
(গ) তুর্কি (ঘ) ফরাসি

২৪. 'অশুভ' শব্দটি কীভাবে গঠিত হয়েছে?
(ক) সন্ধিযোগে (খ) সমাসযোগে
√(গ) উপসর্গযোগে (ঘ) প্রত্যয়যোগে

২৫. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণমালাকে কিসের সঙ্গে তুলনা করা হয়েছে?
(ক) ফুল (খ) রক্ত
√(গ) নক্ষত্র (ঘ) মুক্তা

পদ্য-০৭ -আমি কিংবন্তির কথা বলছি

প্রথম লাইন: আমি আমার পূর্বপুরুষের কথা বলছে
শেষ লাইন: আমরা কি তাঁর মতো স্বাধীনতার কথা বলতে পারবো।
উৎস: কবিতাটি আবু জাফর ওবায়দুল্লাহর বিখ্যাত কাব্যগ্রন্থ 'আমি কিংবদন্তির কথা বলছি' কাব্যগ্রন্থের নাম কবিতা।

সম্ভাব্য MCQ

১. যে কবিতা শুনতে জানে না সে কিসের অধিকার থেকে বঞ্চিত হবে?
(ক) দিনের √(খ) দিগন্তের
(গ) ঝড়ের আর্তনাদ হতে (ঘ) হৃদয়ের আর্তনাদ হতে

২. আমি --- স্নেহের কথা বলছি?
(ক) উজ্জ্বল √(খ) বিচলিত
(গ) রিক্ত (ঘ) বঞ্চিত

৩. রক্তজবার মতো প্রতিরোধের উচ্চারণ---
√(ক) কবিতা (খ) সংগীত
(গ) গান (ঘ) উজ্জ্বল

৪. বাংলা ভাষা ছাড়াও অন্য কোন ভাষায় আবু জাফর ওবায়দুল্লাহর একাধিক গ্রন্থ রচিত হয়েছে?
(ক) ফারসি (খ) হিন্দি
√(গ) ইংরেজি (ঘ) আরবি

৫. 'আমরা কি তার মতো কবিতার কথা বলতে পারব'- চরণটিতে কবি মনের কোন দিকটি প্রকাশ পেয়েছে?
(ক) আনন্দ (খ) বিস্ময়
√(গ) শঙ্কা (ঘ) হতাশা

৬. হিংস্র মাংসাশী শিকারি জন্তুকে কী বলা হয়?
(ক) দৈত্য (খ) দানব
√(গ) শ্বাপদ (ঘ) অসুর

৭. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটির মূল প্রতিপাদ্য বিষয়?
√(ক) বাঙালির হাজার বছরের ইতিহাস
(খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধ
(গ) বাংলাদেশের ভাষা আন্দোলন
(ঘ) বাঙালির দুঃসাহস

৮. 'বিচলিত স্নেহ' বলতে কী বোঝানো হয়েছে?
(ক) মানসিক আশঙ্কা √(খ) আপনজনের উৎকণ্ঠা
(গ) স্নেহের প্রতিদান (ঘ) বিপদের আশঙ্কা

৯. ভালবাসা দিলে মরে যায়---
(ক) বোন (খ) ভাই
(গ) ছেলে √(ঘ) মা

১০. যে কবিতা শুনতে জানে না সে কী শুনবে?
(ক) বৃষ্টির কান্না √(খ) ঝড়ের আর্তনাদ
(গ) গান (ঘ) গল্প

১১. কে কিংবদন্তির কথা বলেছেন?
√(ক) কবি (খ) নুরুল
(গ) করিম (ঘ) ঐতিহাসিক

১২. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কোন শব্দটি ঐতিহ্যের প্রতীক হয়ে উঠেছে?
(ক) কবিতা √(খ) কিংবদন্তি
(গ) পূর্বপুরুষ (ঘ) ক্রীতদাস

১৩.' সশস্ত্র সুন্দরের অনিবার্য----- কবিতা'

(ক) উত্থান √(খ) অভ্যুত্থান
(গ) প্রকাশ (ঘ) সম্প্রকাশ

১৪. অতিক্রান্ত পাহাড়ের কথা বলতেন কারা?
√(ক) কবির পূর্ব পুরুষেরা (খ) কৃষকেরা
(গ) জমিদাররা (ঘ) এভারেস্ট জয়ীরা

১৫. 'আমি কিংবদন্তির কথা বলছি' কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
√(ক) আমি কিংবদন্তির কথা বলছি
(খ) নূরুল দিনের কথা মনে পড়ে যায়
(গ) সাত নরী হার (ঘ) কোনোটিই নয়

১৬. অরণ্য ও শ্বাপদ শব্দযুগল কীসের প্রতীক?
√(ক) বিপদের (খ) সতর্কতার
(গ) রোমাঞ্চের (ঘ) পরিশ্রমের

১৭. 'যে সূর্যকে হৃৎপিন্ডে ধরে রাখতে পারে না' পঙক্তিটিতে 'সূর্য কোন অর্থ বহন করে?
(ক) অরুণ (খ) কান্ড
(গ) অর্ক √(ঘ) তেজ

১৮. 'কবির কাছে শুধু কবিতাই.....। শূন্যস্থানে কী বসবে?
(ক) শক্তি √(খ) সত্য
(গ) ক্ষমতা (ঘ) স্বপ্ন

১৯. 'পলিমাটির সৌরভ' দ্বারা কী বোঝানো হয়েছে?
(ক) উষর মৃত্তিকা √(খ) উর্বর মৃত্তিকা
(গ) ধূসর মৃত্তিকা (ঘ) বন্ধ্যা জমি

২০. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'যে কবিতা শুনতে জানে না' বাক্যটি কতবার ব্যবহৃত হয়েছে?
(ক) ৭ (খ) ৮
√(গ) ৯ (ঘ) ১০

পদ্য-০৮ (অতিরিক্ত) -বিভীষণের প্রতি মেঘনাদ

প্রথম লাইন: "এতক্ষণে" অরিন্দম কহিলা বিষাদে–
শেষ লাইন: গতি যার নীচ সহ, নীচ সে দূর্মতি।
উৎস: 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশটুকু মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ-কাব্যে'র 'বধো' (বধ) নামক ষষ্ঠ সর্গ থেকে সংকলিত হয়েছে।

সম্ভাব্য MCQ

১. ''নাহি শিশু লঙ্কাপুরে, শুনি না হাসিবে এ কথা।'' কোন কথা?
(ক) বিভীষণের কপট কাহিনির কথা
(খ) লক্ষণের যজ্ঞাগারে প্রবেশের কথা
(গ) বিভীষণের লক্ষণকে সহয়তা করার কথা
√(ঘ) নিরস্ত্র মেঘনাদের কাছে কপট লক্ষণের যুদ্ধ প্রার্থনা করার কথা

২. লঙ্কার অধঃপতনকে বিভীষণ কিসের সাথে তুলনা করেছে?
√(ক) প্রলয়ে পৃথিবী ডুবে যাওয়ার সাথে
(খ) প্রলয়ে ঘরবাড়ি ডুবে যাওয়ার সাথে
(গ) প্রলয়ে জনজীবনে দুর্বিষহ হয়ে যাওয়ার সাথে
(ঘ) প্রলয়ে লঙ্কাপুরী ডুবে যাওয়ার সাথে

৩. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যাংশে 'দুর্মতি' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
(ক) দুর্গতি √(খ) অসৎ বা মন্দ বুদ্ধি
(গ) মন্দ শক্তি (ঘ) দুর্বিষহ পরিস্থিতি

৪. 'হে বীরকেশরী, সম্ভাষে শৃগালে'- এখানে 'বীরকেশরী' বলতে কাকে বোঝানো হয়েছে?
(ক) রাবণকে √(খ) বিভীষণকে
(গ) মেঘনাদকে (ঘ) কুম্ভকর্ণকে

৫. উওরিলা কাতরে রাবণি; এখানে 'রাবণি' বলতে কাকে বোঝানো হয়েছে?
(ক) রাবণকে √(খ) রাবনের পুত্র মেঘনাদকে
(গ) রাবণের স্ত্রীকে (ঘ) রাবনের সহোদর বিভীষণকে

৬. বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশটিতে 'কমলবন' কিসের প্রতিক?
(ক) অন্যায়ের (খ) অকল্যাণের
√(গ) ন্যায়ের ও কল্যাণের (ঘ) জীবনের

৭. 'গতি যার নীচ সহ, নীচ সে দুর্মতি'- বলতে কী বোঝানো হয়েছে?
(ক) মন্দলোকও ভাল কাজ করে(খ) ব্যবহারে বংশের পরিচয়
√(গ) হীনলোকের প্রবৃত্তি অসৎ (ঘ) মন্দলোক সবার শত্রু

৮. 'ঘরের শত্রু বিভীষন' এ প্রবাদ বাক্যটি বিভীষনের কোন আচরণেরকে কেন্দ্র করে প্রচলিত?
(ক) স্বজনের প্রতি উদাসীনতা (খ) পরধর্মের অনুসরণ
√(গ) শত্রুপক্ষের সঙ্গে আঁতত (ঘ) রাবনের সাহচর্য

৯. নিকুম্ভিলা যজ্ঞাগারে লক্ষণের অণুপ্রবেশের জন্য অন্যতম দায়ী কে?
(ক) রাবন (খ) মেঘনাদ
√(গ) বিভীষন (ঘ) শূর্পণখা

১০. কুম্ভকর্ণ ও বিভীষণের সম্পর্ক কী?
(ক) শত্রু-মিত্র √(খ) ভাই
(গ) পিতা-পুত্র (ঘ) গুরু-শিষ্য

১১. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'রক্ষোরথি' কে?
(ক) লক্ষণ (খ) মেঘনাদ
(গ) কুম্ভকর্ণ √(ঘ) বিভীষণ

১২. 'বিভীষনের প্রতি মেঘনাদ' কবিতায় 'প্রফুল্ল কমলে কীটবাস'-দ্বারা প্রকৃত অর্থে কী বোঝানো হয়েছে?
(ক) লঙ্কাপুরীতে বিভীষণের বাস (খ) বিকশিত পদ্মে কীটের আবাস
(গ) নন্দনকাননে রামচন্দ্রের প্রবেশ √(ঘ) যজ্ঞাগারে লক্ষণের অনুপ্রবেশ

১৩. লক্ষণকে সৌমিত্রি বলা হয়েছে কেন?
(ক) মিত্রভাব আছে বলে (খ) সুমিত্রার গর্ভজাত বলে
(গ) সৌমিত্রির গর্ভজাত বলে √(ঘ) সুমিত্রার মিত্র বলে

১৪. মেঘনাদ বিভীষণকে ভর্ৎসনা করেছেন কেন?
(ক) মোহের বশে ধর্মের অবমাননা করায়
(খ) রামচন্দ্রের সাথে দুর্ব্যবহার করায়
(গ) লক্ষণের সাথে বিশ্বাসঘাতকতা করায়
√(ঘ) স্বজাতির সাথে বিশ্বাসঘাতকতা করায়

১৫. বাসবত্রাসের কারণ কে?
(ক) রাম (খ) লক্ষণ
(গ) রাবণ √(ঘ) মেঘনাদ

১৬. 'হায় তাত উচিত কি তব এ কাজ' বলতে কী বোঝানো হয়েছে?
(ক) কুম্ভকর্ণের সহায়তা (খ) লক্ষণের প্রবেশ
√(গ) বিভীষণের সহায়তা (ঘ) রামচন্দ্রের আজ্ঞা

১৭. মাইকেল মধুসূদন দত্ত কোন জেলায় জন্মগ্রহন করেন?
(ক) ফরিদপুর √(খ) যশোর
(গ) সাগরদাঁড়ি (ঘ) কুমিল্লা

১৮. আধুনিক বাংলা কবিতার জনক বলা হয় কাকে?
(ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় √(খ) মাইকেল মধুসূদন দত্ত
(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

১৯. বাংলা সাহিত্যে রেনেসাঁস বা নবজাগরণে মূল লক্ষ্য ছিল কোনটি?
(ক) ঈশ্বরমুখিতা √(খ) মানবকেন্দ্রিকতা
(গ) দেবনির্ভরতা (ঘ) বিজ্ঞানমনস্কতা

২০. নিচের কোন বানানটি শুদ্ধ?
√(ক) বিভীষণ (খ) বিভীষন
(গ) বীভিষণ (ঘ) বীভীষন

২১. 'বিরত' শব্দটি কিভাবে গঠিত হয়েছে?
(ক) প্রত্যয়যোগে (খ) সন্ধিযোগে
√(গ) উপসর্গযোগে (ঘ) সমাসযোগে

২২. 'জীমূতেন্দ্র' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি?
√(ক) জীমূত + ইন্দ্র (খ) জীমুত + ইন্দ্র
(গ) জীমূত + ঈন্দ্র (ঘ) জিমূত + ইন্দ্র

২৩. 'স্থাণু' শব্দের সঠিক প্রকৃত-প্রত্যয় কোনটি?
(ক) স্থা + নু (খ) স্থা + উ
√(গ) স্থা + ণু (ঘ) সবগুলো

২৪. 'রাজহংস' কোন ধরনের তৎপুরুষ সমাস?
(ক) চতুর্থী (খ) পঞ্চমী
√(গ) ষষ্ঠী (ঘ) উপপদ

২৫. 'বিষাদ' শব্দটি কোন ভাষার?
(ক) বাংলা (খ) আরবি
(গ) পর্তুগিজ √(ঘ) সংস্কৃত

সিরাজউদ্দৌলা

নাট্যকার সিকান্দার আবু জাফরের সংক্ষিপ্ত পরিচিতি

কবি, গীতিকার, নাট্যকার ও সাংবাদিক সিকান্দার আবু জাফরের জন্ম ১৯১৮ সালে তেঁতুলিয়া, সাতক্ষীরা, খুলনা। খুলনা তালা বি.ডি. উচ্চ ইংরেজি স্কুল থেকে প্রবেশিকা পাস করার পর তিনি কলকাতার রিপন (সুরেন্দ্রানাথ) কলেজে অধ্যয়ন করেন। ১৯৪১ সালে তিনি শিক্ষা জীবন সমাপ্ত করে সাংবাদিকতাকে পেশা হিসেবে গ্রহণ করে কর্মজীবনে প্রবেশ করেন। কলকাতার 'নবযুগ' পত্রিকায় তাঁর সাংবাদিকতার হাতে খড়ি। পরে 'দৈনিক ইত্তেফাক' ও 'দৈনিক মিল্লাত' পত্রিকায় কাজ করেন। ১৯৪৭ সালে দেশ বিভাগের পর তিনি ঢাকায় চলে আসেন এবং ১৯৫৩ পর্যন্ত রেডিওতে স্টাফ আর্টিস্ট হিসেবে দায়িত্ব পালন করে স্মরণীয় অবদান রাখেন। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় কলকাতা থেকে সাপ্তাহিক 'অভিযান' পত্রিকা প্রকাশ ও সম্পাদনা করেন। তাঁর রচিত 'আমাদের সংগ্রাম চলবেই' গানটি মুক্তিযোদ্ধাদের বিশেষ প্রেরণা যুগিয়েছিল। এদেশের সাহিত্য, সংস্কৃতি ও প্রগতিশীল আন্দোলনের সঙ্গে সিকান্দার আবু জাফর অবিচ্ছেদ্যভাবে জড়িত।
সিকান্দার আবু জাফর রচিত সাহিত্য কর্মগুলোর মধ্যে রয়েছে কাব্য : 'প্রসন্ন প্রহর' (১৯৬৫), 'বৈরী বৃষ্টিতে' (১৯৬৫), 'তিমিরান্তিক' (১৯৬৫), 'বৃশ্চিক লগ্ন' (১৯৭১), 'বাংলা ছাড়' (১৯৭২), 'পূরবী' (১৯৪৪), 'নূতন সকাল' (১৯৪৬)। নাটক: 'সিরাজউদ্দৌলা' (১৯৬৫), 'মাকড়সা' (১৯৬০), 'শকুন্তউপাখ্যান' (১৯৬২), 'মহাকবি আলাওল' (১৯৬৬)। পাঠ্যপুস্তক: 'নবী কাহিনী' (১৯৫১), 'আওয়ার ওয়েলথ' (১৯৫১)। নাট্যচর্চার স্বীকৃতিস্বরূপ ১৯৬৬ সালে তাঁকে 'বাংলা একাডেমি' পুরস্কারে ভূষিত করা হয়।
১৯৭৫ সালে ৫ আগস্ট সিকান্দার আবু জাফর ঢাকায় মৃত্যুবরণ করেন।

সম্ভাব্য MCQ

১. কে নাচে- গানে মশগুল থাকতে ভালোবাসে?
(ক) মিরজাফর (খ) উমিচাঁদ
√(গ) মিরন (ঘ) সিরাজ

২. মনে পড়ে লুৎফা, দাদুর মৃত্যুশয্যায় আমি কসম খেয়েছিলাম শরাব স্পর্স করব না। এখানে দাদু কে?
(ক) মুর্শিদ কুলি খাঁ √(খ) আলি বর্দী খাঁ
(গ) মোহাম্মদী বেগ (ঘ) মাহবুব আলম

৩. সিকান্দার আবু জাফর এ সম্পাদিত পত্রিকা কোনটি?
√(ক) সমকাল (খ) ইত্তেফাক
(গ) সমাচার দর্পন (ঘ) ধুমকেতু

৪. ওর লোভের অন্ত নেই। কার কথা বলা হয়েছে?
(ক) ড্রেক (খ) মানিক চাঁদ
√(গ) উমিচাঁদ (ঘ) মার্টিন

৫. রাজবল্লভ কোথায় নৌবাহিনীর কেরানির কাজ করতেন?
√(ক) ঢাকা (খ) চট্টগ্রাম
(গ) রাজশাহী (ঘ) সিলেট

৬. 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন অঙ্কের দৃশ্য সংখ্যা সবচেয়ে বেশি?
(ক) ১ম (খ) ২য়
√(গ) ৩য় (ঘ) ৪র্থ

৭. 'প্রানপণে যুদ্ধ করো, সাহসী ব্রিটিশ সৈনিক'।' এ কথাটি কার?
√(ক) ক্লেটনের (খ) হলওয়েলের
(গ) রোজার ড্রেকের (ঘ) চার্লস ওয়াটসনের

৮. রাইসুল জুহালাকে বুটের লাথি মারে কে?
(ক) মিরজাফর √(খ) ক্লাইভ
(গ) প্রহরী (ঘ) জর্জ

৯. হলওয়েল পেশায় ছিলেন-
(ক) উকিল √(খ) ডাক্তার (গ) সেনাপতি (ঘ) ব্যবসাসী

১০. দলিলে সই করতে গিয়ে কার বুকের ভিতর হঠাৎ কেঁপে উঠল?
√(ক) মিরজাফর (খ) মিরন
(গ) ফসেটি বেগম (ঘ) উমিচাঁদ

১১. 'সিরাজউদ্দৌলা' নাটকে সর্বশেষ অঙ্কে কয়টি দৃশ্য আছে?
√(ক) ২টি (খ) ৩টি (গ) ৪টি (ঘ) ৫টি

১২. মোহাম্মদী বেগের বিবাহ অনুষ্ঠানের আয়োজন করেছিল কে?
(ক) মিরজাফর √(খ) মিরন (গ) ফসেটি বেগম (ঘ) উমিচাঁদ

১৩. কে প্রান ভয়ে কুকুরের মতো পালিয়েছে?
(ক) ওয়াটসন (খ) ওয়াটস
√(গ) রজার ড্রেক (ঘ) ক্লাইভ

১৪. নবাবের নির্দেশে কোন কুঠি জ্বালিয়ে দেওয়া হয়?
(ক) হুগলী (খ) মুর্শিদাবাদ
√(গ) কাশিমবাজার (ঘ) কাশিমপুর

১৫. এ পারফেক্ট স্কাউন্ড্রেল ইজ দিস। 'সিরাজউদ্দৌলা' নাটকে স্কাউন্ড্রেল টা কে?
(ক) রায়দুর্লভ (খ) মীরজাফর
(গ) মোহাম্মদী বেগ √(ঘ) উমিচাঁদ

১৬. 'আমার নালিশ আজ আমার বিরুদ্ধে"- এটি কার সংলাপ?
(ক) ঘসেটি বেগম (খ) রাজবল্লভ
√(গ) সিরাজউদ্দৌলা (ঘ) মিরজাফ

১৭. নাটক প্রধানত কত প্রকার?
(ক) তিন (খ) চার √(গ) পাঁচ (ঘ) ছয়

১৮. 'হাউ ইউ গন ম্যাড।' উক্তিটি কার?
√(ক) ক্লাইভ (খ) ক্লেটন

(গ) ওয়াটস (ঘ) ড্রেক

১৯. 'কেউ এক চুল নড়লে প্রাণ যাবে' উক্তিটি কার?

(ক) উমিচাঁদ √(খ) মানিকচাঁদ

(গ) ক্লেটন (ঘ) ওয়াটস

২০.নবাবের কামান এর সংখ্যা কতটি?

(ক) ১০ টির বেশি (খ) ৩০ টির বেশি

√(গ) ৫০ টির বেশি (ঘ) ৪০ টির বেশি

লালসালু

উপন্যাসের সংজ্ঞা

উপন্যাস গণতন্ত্রের দান, গণমানুষের আত্মজাগরণের দান। উপন্যাস হলো বাস্তব জীবনের কল্পিত রূপ। 'উপন্যাস' শব্দটির বুৎপত্তি হচ্ছে: উপ-নি-আস+অ (ঘঞ), যার অর্থ উপস্থাপন। এর আভিধানিক অর্থ ঘটনাবহুল আখ্যান, কল্পিত কাহিনি, অভিনব সৃষ্টি, অপূর্ব উপস্থাপন ইত্যাদি। একটি সমাজের পটভূমিতে মানবজীবনের বাস্তব রূপকে কল্পিতভাবে প্রকাশ করা হলে, তখন তাকে উপন্যাস বলে। ঔপন্যাসিক শ্রীশচন্দ্র দাশের মতে- "গ্রন্থকারের ব্যক্তিগত জীবন দর্শন ও জীবনানুভূতি কোনো বাস্তব কাহিনি অবলম্বন করিয়া যে বর্ণনাত্মক শিল্প কর্মে রূপায়িত হয়, তাহাকে উপন্যাস বলে।"

বস্তুত উপন্যাস জীবন নয়, জীবনের ছায়াপাত, খন্ডিত জীবন নয়, অখন্ড জীবনের ছায়াপাত, জীবনের কার্বন কপি নয়, ইঙ্গিতময়, অর্থপূর্ণ; খন্ডিত জীবন নয়, অখন্ড জীবনই উপন্যাসের কাম্য। তাই উপন্যাস জীবনের নিকটতম শিল্প; ঘটনার ধারাবাহিক সামঞ্জস্যপূর্ণ বিন্যাস। আকর্ষণীয় গাল্পিক রস, বৈশিষ্ট্যপূর্ণ চরিত্র, চরিত্র অনুযায়ী সংলাপ, বাস্তবতার আলোকে বর্ণনা একটি সার্থক উপন্যাসের বৈশিষ্ট্য। 'উপন্যাস' শব্দের ইংরেজি প্রতিশব্দ 'Novel'। বিশিষ্ট ইংরেজ ঔপন্যাসিক E.M. Forester উপন্যাসের সংজ্ঞা দিতে গিয়ে বলেন, "Novel is prose narrative of sufficient length to fill one or two volumes" –অর্থাৎ উপন্যাস হলো গদ্যে লিখিত সুদীর্ঘ কল্পিত কাহিনি, এক বা একাধিক খন্ডে রচিত পাঠকের মনোরঞ্জনকারী সাহিত্যকর্ম বিশেষ।

উপন্যাস আধুনিক যুগে সমাজ ও প্রকৃতির বিরুদ্ধে ব্যক্তি মানুষের বেঁচে থাকার যে জীবন সংগ্রাম, তারই মহাকাব্যিক রূপ।

উপন্যাসের গঠন কৌশলের শর্তাবলি

একটি সার্থক উপন্যাসের জন্য কয়েকটি শর্ত বা বৈশিষ্ট্য রয়েছে। আর সেগুলো হচ্ছে-

১. প্লট বা আখ্যানভাগ
২. কাহিনি বা ঘটনা বিন্যাস
৩. চরিত্র চিত্রণ
৪. জীবন দর্শন বা সমাজচিত্র
৫. ভাষা ও বর্ণনা ভঙ্গি
৬. প্রণয় রস।

সাধারণত এসব বৈশিষ্ট্য একটি উপন্যাসের কাম্য। তবে সময়ের দাবি অনুযায়ী উপন্যাসও খোলস বদলাচ্ছে। তাই আজকাল বৈশিষ্ট্যের ওপর উপন্যাস নির্ভরশীল নয়।

ঔপন্যাসিক-পরিচিতি

সৈয়দ ওয়ালীউল্লাহ্ বাংলা কথাসাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ রূপকার। জীবন-সন্ধানী ও সমাজসচেতন এ সাহিত্য-শিল্পী চট্টগ্রাম জেলার ষোলশহরে ১৯২২ খ্রিস্টাব্দের ১৫ই আগস্ট এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতৃনিবাস ছিল নোয়াখালীতে। তাঁর পিতা সৈয়দ আহমদউল্লাহ্ ছিলেন উচ্চপদস্থ কর্মকর্তা। বাংলার বিভিন্ন অঞ্চলে পিতার কর্মস্থলে ওয়ালীউল্লাহ্র শৈশব, কৈশোর ও যৌবন অতিবাহিত হয়। ফলে এ অঞ্চলের মানুষের জীবনকে নানাভাবে দেখার সুযোগ ঘটে তাঁর, যা তাঁর উপন্যাস ও নাটকের চরিত্র-চিত্রণে প্রভূত সাহায্য করে। অল্প বয়সে মাতৃহীন হওয়া সৈয়দ ওয়ালীউল্লাহ্ ১৯৪১ খ্রিষ্টাব্দে ঢাকা ইন্টারমিডিয়েট কলেজ থেকে আইএ এবং ১৯৪৩ খ্রিষ্টাব্দে আনন্দমোহন কলেজ থেকে বিএ পাস করেন। তারপর কলিকাতা বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিষয়ে এমএ পড়ার জন্য ভর্তি হন। কিন্তু ডিগ্রি নেওয়ার আগেই ১৯৪৫ খ্রিষ্টাব্দে তাঁর পিতার মৃত্যু হলে তিনি বিখ্যাত ইংরেজি দৈনিক 'দি স্টেট্স্ম্যান'-এর সাব-এডিটর নিযুক্ত হন এবং সাংবাদিকতার সূত্রে কলকাতার সাহিত্যিক মহলে পরিচিত হয়ে ওঠেন। তখন থেকেই বিভিন্ন পত্রপত্রিকায় তাঁর রচনা প্রকাশিত হতে থাকে। ১৯৪৭ খ্রিষ্টাব্দে পাকিস্তান হওয়ার পর তিনি ঢাকায় এসে ঢাকা বেতার কেন্দ্রে সহকারী বার্তা সম্পাদক হিসেবে যোগদান করেন এবং ১৯৫০ খ্রিষ্টাব্দে করাচি বেতার কেন্দ্রের বার্তা সম্পাদক নিযুক্ত হন। এরপর তিনি কূটনৈতিক দায়িত্বে নয়াদিল্লি, ঢাকা, সিডনি, করাচি, জাকার্তা, বন, লন্ডন এবং প্যারিসে নানা পদে নিয়োজিত ছিলেন। তাঁর সর্বশেষ কর্মস্থল ছিল প্যারিস। বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে কাজ করার জন্য পাকিস্তান সরকারের চাকরি থেকে অব্যাহতি নেন এবং মুক্তিযুদ্ধের পক্ষে ব্যাপকভাবে সক্রিয় হন। বাংলাদেশের স্বাধীনতা লাভের পূর্বেই ১৯৭১ খ্রিষ্টাব্দের ১০ই অক্টোবর তিনি প্যারিসে পরলোক গমন করেন।

সৈয়দ ওয়ালীউল্লাহ্র সাহিত্যকর্ম সমগ্র বাংলা সাহিত্যে বিশেষ মর্যাদার অধিকারী। ব্যক্তি ও সমাজের ভেতর ও বাইরের সূক্ষ্ম ও গভীর রহস্য উদ্ঘাটনের বিরল কৃতিত্ব তাঁর। তাঁর গল্প ও উপন্যাসে একদিকে যেমন স্থান পেয়েছে কুসংস্কার ও অন্ধ-ধর্মবিশ্বাসে আচ্ছন্ন, বিপর্যস্ত, আশাহীন ও মৃতপ্রায় সমাজজীবন, অন্যদিকে তেমনি স্থান পেয়েছে মানুষের মনের ভেতরকার লোভ, প্রতারণা, ভীতি, ঈর্ষা প্রভৃতি প্রবৃত্তির ক্রিয়া-প্রতিক্রিয়া। কেবল রসপূর্ণ কাহিনী পরিবেশন নয়, তাঁর অভীষ্ট ছিল মানবজীবনের মৌলিক সমসার রহস্য উন্মোচন।

'নয়নচারা' (১৯৪৬) এবং 'দুই তীর ও অন্যান্য গল্প' (১৯৬৫) তাঁর গল্পগ্রন্থ এবং 'লালসালু' (১৯৪৮) 'চাঁদের অমাবস্যা' (১৯৬৪) ও 'কাঁদো নদী কাঁদো' (১৯৬৮) তাঁর বিখ্যাত উপন্যাস। সৈয়দ ওয়ালীউল্লাহ্ নিরীক্ষামূলক চারটি নাটকও লিখেছেন। সেগুলো হলো 'বহিপীর' 'তরঙ্গভঙ্গ', 'উজানে মৃত্যু' ও 'সুড়ঙ্গ'।

সাহিত্যের রূপশ্রেণি : উপন্যাস

উপন্যাস আধুনক কালের একটি বিশিষ্ট শিল্পরূপ। উপন্যাসের আক্ষরিক অর্থ হলো উপযুক্ত বা বিশেষ রূপে স্থাপন। অর্থাৎ উপন্যাস হচ্ছে কাহিনি-রূপ একটি উপাদানকে বিবৃত করার বিশেষ কৌশল, পদ্ধতি বা রীতি। 'উপন্যাস' শব্দের ইংরেজি প্রতিশব্দ novel-এর আভিধানিক অর্থ হলো : a fictitious prose narrative or tale presenting picture of real life of the men and women portayed। অর্থাৎ উপন্যাস হচ্ছে গদ্যে লিখিত এমন এক বিবরণ বা কাহিনি যার ভেতর দিয়ে মানব-মানবীর জীবনযাপনের বাস্তবতা প্রতিফলিত হয়ে থাকে।

এভাবে ব্যুৎপত্তিগত এবং আভিধানিক অর্থ বিশ্লেষণের মাধ্যমে আমরা বুঝতে পারি, মানব-মানবীর জীবন যাপনের বাস্তবতা অবলম্বনে যে কল্পিত উপাখ্যান পাঠকের কাছে আকর্ষণীয় করার জন্য বিশেষ বিন্যাসসহ গদ্যে লিপিবদ্ধ হয় তাই উপন্যাস। যেহেতু উপন্যাসের প্রধান উপজীব্য মানুষের জীবন তাই উপন্যাসের কাহিনী হয় বিশ্লেষণাত্মক, দীর্ঘ ও সমগ্রতাসন্ধানী। বিখ্যাত ইংরেজ ঔপন্যাসিক E.M. Forster-এর মতে, কমপক্ষে ৫০ হাজার শব্দ দিয়ে উপন্যাস রচিত হওয়া উচিত।

বিখ্যাত উপন্যাস বিশ্লেষকগণ একটি সার্থক উপন্যাসের বিভিন্ন উপাদানের কথা বলেছেন। সেগুলো হচ্ছে :

১. প্লট বা আখ্যান;
২. চরিত্র;
৩. সংলাপ;
৪. পরিবেশ বর্ণনা;
৫. লিখনশৈলী বা স্টাইল;
৬. লেখকের সামগ্রিক জীবন-দর্শন।

সম্ভাব্য MCQ

১. শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের ..... বেশি। শূন্যস্থানে কী বসবে?
(ক) আনুগত্য √(খ) আগাছা
(গ) গুরুত্ব (ঘ) পরগাছা

২. লোকে বলে, এক কালে কালো আগুন ছিল তাঁর চোখে, আর কণ্ঠে বজ্রনিনাদ। কার কথা বলা হয়েছে?
(ক) মোদাব্বের (খ) মজিদ
√(গ) পীর সাহেব (ঘ) আক্কাস

৩. তুমি না মুসলমানের ছেলে- দাড়ি কই তোমার? এখানে কার কথা বলা হয়েছে?
(ক) মুজিদের √(খ) আক্কাসের
(গ) মোদাব্বের (ঘ) কাদের

৪. সৈয়দ ওয়ালীউল্লাহ্ এর পৈতৃক নিবাস কোন জেলায়?
(ক) চট্টগ্রাম √(খ) নোয়াখালী
(গ) রবিশাল (ঘ) ভোলা

৫. "মানুষের ফোঁড়া হইলে সে-ফোঁড়া ধারালো ছুরি দিয়ে কাটতে হয়, জিনের আছর হইলে বেত দিয়া চাবকাইতে হয়, চোখে মরিচ দিতে হয়।" উক্তিটি কার?
(ক) মোদাব্বের (খ) খালেক
(গ) কাদের √(ঘ) মজিদ

৬. "একরত্তি মাইয়া কিন্তু বড় ভোলা।" উক্তিটি কার?
(ক) আমেনার (খ) হাসুনির মা
√(গ) রহিমার (ঘ) মজিদের

৭. খালেক ব্যাপারীর কয়টা বউ?
(ক) একটা √(খ) দুইটা
(গ) তিনটা (ঘ) কোনোটিই নয়

৮. 'লালসালু' কী ধরনের উপন্যাস?
√(ক) সামাজিক (খ) রাজনৈতিক
(গ) রহস্যমূলক (ঘ) মনস্তাত্ত্বিক

৯. এখন সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয়, সচ্ছলতায় শিকড়গাড়া বৃক্ষ। এখানে কার কথা বলা হয়েছে?
(ক) আক্কাসের (খ) আমেনার
(গ) খালেক ব্যাপারীর √(ঘ) মজিদের

১০. মজিদ কোন সড়কের উপর মোনাজাতের জঙ্গিতে দাঁড়িয়ে ছিল?
(ক) মহব্বতনগর √(খ) মতিগঞ্জের
(গ) আওয়াপুর (ঘ) গারো পাহাড়ের

১১. মজিদ পূর্বে কোথায় বাস করতো?
√(ক) গারো পাহাড় (খ) মধুপুর পাহাড়
(গ) পাহাড়পুর (ঘ) সোনারগাঁও

১২. মোনাজাত শেষে মজিদ কোন দিকে পা ফেলেছিল?
(ক) পূর্ব √(খ) উত্তর
(গ) পশ্চিম (ঘ) দক্ষিণ

১৩. ঘুমকাতুরে কে?
√(ক) জমিলা (খ) রহিমা
(গ) আমেনা (ঘ) তনু বিবি

১৪. 'আমেনা'র ক্ষেত্রে নিচের কোনটি প্রযোজ্য?
(ক) সুখী √(খ) নিঃসন্তান
(গ) দরিদ্র (ঘ) কুৎসিত

১৫. আমেনা বিবি মাজারে পাক কোন দিকে থেকে শুরু করে?
√(ক) ডান (খ) বাঁ
(গ) পূর্ব (ঘ) উত্তর

১৬. মহব্বতনগর গ্রামের মসজিদের নির্মাণে তদারকিতে কে ছিল?
√(ক) মজিদ (খ) খালেক ব্যাপারী
(গ) মতলুব খাঁ (ঘ) মোদাব্বের মিঞা

১৭. মসজিদ নির্মাণের কাজ শেষ হয়েছিল কোন মাসে?
(ক) বৈশাখ √(খ) জ্যৈষ্ঠ
(গ) আষাঢ় (ঘ) শ্রাবণ

১৮. ঝড়ের সময় ঢেঙা বুড়ো কি ভেতে চেয়েছিল?
(ক) গুড় (খ) চিনি
(গ) মুড়ি √(ঘ) চিঁড়া

১৯. মজিদ যখন জমিলাকে বিয়ে করতে যায়, তখন জমিলা তাকে কী ভেবেছিল?
√(ক) দুলার বাপ (খ) দুলার বড় ভাই
(গ) দুলার চাচা (ঘ) দুলার দাদা

২০. দশ কথায় রাও নেই কার?
√(ক) রহিমার (খ) বুড়ির
(গ) হাসুনির মার (ঘ) তাহেরের বাপ

২১. মাজারে অনাবৃত কোণটা দেখে মজিদের কার কথা স্মরণ হয়?
(ক) নতুন পীরের (খ) তাহেরের বাপের
√(গ) মৃত্যুর (ঘ) আক্কাসের

২২. হাসি কাদের প্রান?
(ক) শিশুদের √(খ) গাঁয়ের মানুষদের
(গ) মকিজদের ভক্তদের (ঘ) কলিদের

২৩.মজিদের চোখ ছোট হয়ে আসে কেন?
(ক) প্রখর রোদে (খ) প্রচন্ড রোগে
√(গ) মজুরদের গীত শুনে (ঘ) প্রতিহিংসার কারণে

২৪. 'লালসালু' উপন্যাসের মজিদ কোন সময়ে আওয়ালপুর গ্রামে এসেছিল?
(ক) ভোরে (খ) দুপুরের পূর্বে
√(গ) সূর্য হেলে পড়লে (ঘ) বিকেলে

২৫. মজিদের যশ, খ্যাতির উৎস কী?
√(ক) পুরনো কবরটি (খ) ক্ষমতা
(গ) দক্ষতা (ঘ) খালেক ব্যাপারী

বাংলা বানানের

কতিপয় শব্দের শুদ্ধ বানান

অশুদ্ধ বানান	শুদ্ধ বানান	অশুদ্ধ বানান	শুদ্ধ বানান
অধ্যায়ন	অধ্যয়ন	অপরাহ্ন	অপরাহ্ণ
অত্যান্ত	অত্যন্ত	অধ্যাবসায়	অধ্যবসায়
অহোরাত্রি	অহোরাত্র	অন্তর্ভূক্ত	অন্তর্ভুক্ত
অধীনস্থ	অধীন	আবিস্কার	আবিষ্কার
আলচ্যমান	আলোচ্যমান	আইনজীবি	আইনজীবী
আগমনি	আগমনী	আর্শিবাদ	আর্শীবাদ
আকাঙ্খা	আকাঙ্ক্ষা	আষাড়	আষাঢ়
আদ্যান্ত	আদ্যন্ত	আত্বস	আত্মস্থ
ইতোঃপূর্বে	ইতোপূর্বে	ইতিমধ্যে	ইতোমধ্যে
ইংরেজী	ইংরেজি	উচ্ছাস	উচ্ছ্বাস
উপরোক্ত	উপর্যুক্ত	উপযোগীতা	উপযোগিতা
উচীৎ	উচিত	উজ্জল	উজ্জ্বল
উত্তরায়ন	উত্তরায়ণ	ঋন	ঋণ
একত্রিক	একত্রিত	ঐক্যমত	ঐকমত্য
ঐক্যতান	ঐকতান	কৃতি	কৃতী
কাকন	কাঁকন	কলংকিত	কলঙ্কিত
কার্য্যালয়	কার্যালয়	কর্মজীবি	কর্মজীবী
কৌতুহল	কৌতূহল	কল্যান	কল্যাণ
কিম্বদন্তী	কিংবদন্তি	কৃর্তিবাস	কৃত্তিবাস
কৃজ্জিটিকা	কুজ্ঝটিকা	গীতাঞ্জলী	গীতাঞ্জলি
গ্রামীন	গ্রামীণ	ঘুরাঘুরি	ঘোরাঘুরি
চতুস্কোন	চতুস্কোণ	ছাত্র-ছাত্রীগণ	ছাত্র-ছাত্রীরা
পিপিলিকা	পিপীলিকা	জগত	জগৎ
জোস্নারাত	জ্যোৎস্নারাত	জ্যমিতি	জ্যামিতি
জৈষ্ঠ্য	জ্যেষ্ঠ	ঝরনা	ঝরণা
ডাষ্টবিন	ডাস্টবিন	তোরন	তোরণ
দারিদ্রতা	দরিদ্রতা	দুর্বিসহ	দুর্বিসহ
দূরন্ত	দুরন্ত	দুরাবস্থা	দুরবস্থা
দুষণীয়	দূষণীয়	দুরাদৃষ্টি	দুরদৃষ্টি
দৈন্যতা	দীনতা	দ্বন্ধ	দ্বন্দ্ব
নুন্যতম	ন্যূনতম	নিক্কন	নিক্বণ
নিশিথিনি	নিশীথিনী	নুপুর	নূপুর
নিরব	নীরব	পন্য	পণ্য
প্রনয়িনী	প্রণয়িনী	প্রাণীজগৎ	প্রাণিজগৎ
প্রাণীবিদ্যা	প্রাণিবিদ্যা	পীরিত	পিরিত
পিপিলিকা	পিপীলিকা	পূন্য	পূণ্য
প্রতিদ্বন্ধীতা	প্রতিদ্বন্দ্বিতা	পৈত্রিক	পৈতৃক
প্রজন্ম	প্রজন্ম	প্রতিযোগীতা	প্রতিযোগিতা
পালং	পালঙ্ক	প্রতিক্ষা	প্রতীক্ষা
পরজীবি	পরজীবী	পোষ্টমাষ্টার	পোস্টমাস্টার
পুনঃপুনঃ	পুনঃপুন	প্রাঙ্গন	প্রাঙ্গণ
পুরান	পুরাণ	পুরষ্কার	পুরস্কার
পঁচা	পচা	পানিনী	পাণিনি
প্রাতঃরাশ	প্রাতরাশ	প্রোজ্জল	প্রজ্জ্বল
প্রনয়ন	প্রণয়ন	প্রোজআলন	প্রজ্জ্বলন
ফটোষ্টেট	ফটোস্ট্যাট	ফলোপূসু	ফলপ্রসূ
বাল্মিকী	বাল্মীকি	ব্রাহ্মন	ব্রাহ্মণ

ব্যাস্ত	ব্যস্ত	বরং জেস্ট্য	বয়োজ্যেষ্ঠ্য
বিদূষি	বিদুষী	ব্যায়	ব্যয়
বৈরাকরণিক	বৈয়াকরণ	বুদ্ধিজীবি	বুদ্ধিজীবী
ব্যাকরন	ব্যাকরণ	ভাতুস্পুত্র	ভাতুষ্পুত্র
ভূবন	ভূবণ	ভ্রাতাগন	ভাতৃগণ
ভষ্ম	ভস্ম	ভৌগলীক	ভৌগোলিক
মানিজাল	মণিজাল	মনিষি	মনীষি
মুনি	মুণি	মনোপুত	মনঃপূত
মনোকষ্ট	মনঃকষ্ট	মন্ত্রীত্ব	মন্ত্রিত্ব
মন্ত্রীসভা	মন্ত্রিসভা	মরিচিকা	মরীচিকা
মনমোহন	মনোমোহন	মুহমূহ	মুহুর্মুহু
মূহুর্ত	মুহূর্ত	মুর্চ্ছনা	মূর্ছনা
মুমুর্ষূ	মুমূর্ষু	রসায়ন	রসায়ণ
লজ্জাস্কর	লজ্জাকর	শমিরন	সমীরণ
শারিরীক	শারীরিক	শান্তনা	সান্ত্বনা
শিরঃচ্ছেদ	শিরচ্ছেদ	শত্রুতা	শত্রুতা
শিরপীড়া	শিরঃপীড়া	শুশ্রুষা	শুশ্রূষা
শ্রদ্ধাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি	শাস	শ্বাস
ষ্টোর	স্টোর	ষ্টেশন	স্টেশন
সহকারি	সহকারী	সমিরন	সমীরণ
সমিচীন	সমীচীন	সম্বর্ধনা	সংবর্ধনা
সন্নাসী	সন্ন্যাসী	সোনালী	সোনালি
সর্বশান্ত	সর্বস্বান্ত	সখ্যতা	সখ্য
সুর্য	সূর্য	সন্ধাপ্রদ্বীপ	সন্ধ্যাপ্রদীপ
সধর্মচুত	স্বধর্মচ্যুত	সমিপবর্তিনি	সমীপবতিনী
সান্তনা	সান্ত্বনা	সংস্কৃতিক	সাংস্কৃতিক
স্নেহাশীষ	স্নেহাশিস	সামীগৃহ	স্বামীগৃহ
সম্বাদ	সংবাদ	সুস্ট	সুষ্ঠ
সন্দিহান	সন্দিহান	সূচীপত্র	সূচিপত্র
সুপারিস	সুপারিশ	সঙকল্প	সংকল্প
সাতন্ত্র	স্বাতন্ত্র্য	স্বাক্ষরতা	সাক্ষরতা
স্বম্বলিত	সংবলিত	স্বরস্বতী	সরস্বতী
স্মরণার্থী	শরণার্থী	স্বস্ত্রীক	সস্ত্রীক
স্বার্থকতা	সার্থকতা	হিনমন্যতা	হীনস্মন্যতা

সম্ভাব্য MCQ

১. কোন শব্দগুচ্ছ শুদ্ধ?
(ক) সমীচীন, কণ্ঠ, মাষ্টার
(খ) অঞ্জুলি, দন্ডনীয়, কিংকর্তব্যবিমুঢ়
(গ) প্রতিযোগিতা, স্বাদেশীক, সন্তরণ
(ঘ) সহযোগী, শিরশ্ছেদ, গুঞ্জরণ

২. নিচের যেটি শুদ্ধ বানান-
(ক) উচ্ছল (খ) ইদানিং
(গ) বৈপরীত্য (ঘ) অপরাহ্ন

৩. কোন বানানটি শুদ্ধ?
(ক) দুষ্কৃতিকারী (খ) দুরাবস্থা
(গ) দৌড় (ঘ) দুরারোগ্য
Note: প্রশ্নে ভুল আছে। 'দুরাবস্থা' ছাড়া অপশনের তিনটি শব্দই শুদ্ধ।

৪. ঠিক বানান কোনটি?
(ক) পিপীলিকা (খ) পিপিলিকা
(গ) পিপীলীকা (ঘ) পীপিলিকা

৫. কোনটি শুদ্ধ?
(ক) দুষ্কৃতিকারী (খ) দঃস্কৃতকারী
(গ) দুষ্কৃতকারী (ঘ) দুঃষ্কৃতিকারী

৬. কোন বানানটি ঠিক?
(ক) আকাঙ্খা (খ) প্রতিযোগীতা
(গ) মুমূর্ষূ (ঘ) পরিণয়

৭. নিচের কোন শব্দটি শুদ্ধ?
(ক) অন্তস্থল (খ) অন্তঃস্থল
(গ) অন্তস্তল (ঘ) অন্ততল

৮. নিচের কোন বানানটি শুদ্ধ?
(ক) সবিসেশ (খ) স্ববিশেস
(গ) সবিশেষ (ঘ) শবিশেষ

৯. চন্দ্রবিন্দুর ভুল প্রয়োগ ঘটেছে কোনটিতে-
